bes INDIA
bible educational services

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

## বাইবেলটাইম ১নং স্তর এবং ২নং স্তর

A সিরিজ

৭নং - ১২নং গল্প

www.besweb.com

# বাইবেল এডুকেশনাল সার্ভিসেস

**মিশন বিবৃতি**
ধারাবাহিক বাইবেল পাঠগুলি যা বর্তমান এবং পরবর্তী প্রজন্মের কাছে ঈশ্বরের বাক্য শিক্ষা দিতে সক্ষম করে, সেগুলি সারা পৃথিবী জুড়ে ব্যবহারের জন্য প্রকাশিত করার দ্বারা আপনাদের সেবা করা যেন আপনি অন্যদের সেবা করতে পারেন।

**দর্শন বিবৃতি**
যারা আমাদের মৌলিক মূল্যবোধগুলি ভাগ করে নেয় তাদের সাথে অংশীদার হয়ে, যোগাযোগের বিভিন্ন উপায়গুলির মাধ্যমে জগতের অনেক ভাষাগুলিতে বাইবেল এডুকেশনাল রিসোর্স-এর উৎপাদনটি সহজতর করা।

# সাধারণ তথ্য

**বাইবেল এডুকেশনাল সার্ভিসেস কি করে :**

বাইবেল এডুকেশনাল সার্ভিসেস (বিইএস) ইংরেজীতে "বাইবেল টাইম", "নিউ লাইফ" এবং "গ্রীনার্স" পাঠগুলি প্রকাশ করে এবং পরিদর্শন, নেটওয়ার্কিং, পরামর্শ ও শিক্ষা দ্বারা ইউকে ও বিদেশে পোষ্টাল বাইবেল বাইবেল স্কুল ও বিইএস পাঠগুলি ব্যবহার করে এমন একইরকম সংস্থাগুলিকে সাহায্য করে। বিইএস বর্তমানে অন্য দেশগুলিতে সেই দলগুলির সাথে অংশীদার হয়েও কাজ করছে যারা পাঠগুলির অনুবাদ, নকশা, প্রকাশনা এবং বিতরণ করায় নিয়োজিত আছে। পাঠগুলি সমস্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে যোগান আবশ্যক।

বাইবেলটাইম পাঠগুলি ৫০ বছরের বেশী আগে দক্ষিণ আয়ারল্যান্ডে প্রথম ব্যবহৃত হয়েছিল্ বাইবেল এডুকেশনাল সার্ভিসেস ইংরেজী এবং সব বিদেশী ভাষায় বাইবেলটাইম পাঠগুলির জন্য সম্পাদকীয় দায়িত্বটি রক্ষা করে। বাইবেলটাইম পাঠগুলি সাধারণতঃ A4 আকারে প্রকাশ করা হয়েছিল যা কোন কোন ক্ষেত্রে, ছাত্রছাত্রীদের, প্রতি চার সপ্তাহ অন্তর, মান নির্ণয়ের জন্য পাঠগুলি বাইবেল স্কুল কেন্দ্রে ফেরত পাঠাতে সক্ষম করে। আরও সাম্প্রতিককালে, বেলফাষ্ট-এর এভরি হোম ক্রুশেড (উদ্দীপনামূলক আন্দোলন) কে ধন্যবাদ জানাই, যারা ছয় মাসের জন্য পাঠগুলি এ৫ আকারে প্রকাশ করেছে, যা মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে আরও সহজতর উপায়ে ব্যবহার করা গিয়েছে, বিশেষতঃ যেখানে ডাক পদ্ধতি ফলপ্রসূ হয়।

বিইএস পাঠগুলি এতই অপূর্ব যে সেগুলি দৃশ্যত গৃহ বা দলীয় (মণ্ডলী/বিদ্যালয়) পাঠের জন্য প্রস্তুত করা হয়েছে, পরবর্তীতে তা পরিকল্পিত সিলেবাস আছে যা ছাত্রছাত্রীকে ২০ বছর বয়স পর্য্যন্ত পড়াশুনা চালিয়ে যেতে সুযোগ দেয়। পাঁচটি স্তরে পাঠগুলি বিশেষ বিশেষ বয়সকালীন দলের জন্য পাওয়া যায়, যেমন স্কুল-পূর্ববর্তী, ৫-৭ বছর, ৮-১০ বছর, ১১-১৩ বছর, ১৪-১৬ বছর। প্রতিটি বয়সের দলের জন্য তিন বছরের সিলেবাস আছে (৪নং পৃষ্ঠা দেখুন)। ভিন্ন ভিন্ন যোগ্যতা অনুসারে বয়সের দলগুলি বিভিন্ন হতে পারে। বাইবেলটাইম রিসোর্সগুলি ছেলেমেয়েদের ঈশ্বরের বাক্য অধ্যয়ন করতে, বাইবেলের গল্প শিখতে এবং তাদের জীবন সুসমাচারের প্রাসঙ্গিকতার সমস্যার সম্মুখীন হতে সুযোগ দেয়।

বিইএস ওয়েবসাইট—www.besweb.com অথবা আন্তর্জাতিক সেক্রেটারীর কাছ থেকে পাঠগুলির ছাপান কপি ইংরেজীতে পাওয়া যায়। এগুলি অন্যান্য ভাষার ওয়েবসাইটেও পাওয়া যাবে। বিইএস-এ প্রমাণপত্রগুলি আপনার কাছে সাহায্যকারী হতে পারে যদি আপনি আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য চিন্তা করছেন, যা ওয়েবসাইটেও পাওয়া যাবে।

# বিইএস-এর যোগাযোগের ঠিকানা

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

প্রারম্ভিককালে, বাইবেলটাইম পাঠগুলি ডাকযোগে বাইবেল স্কুল কেন্দ্রের সাথে ডাক পদ্ধতিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছিল কিন্তু পাঠগুলি সংখ্যায় বৃদ্ধি পেয়ে এমন জায়গায় ব্যবহৃত হচ্ছিল যেখানে ডাক পদ্ধতি বিশ্বাসযোগ্য নয় অথবা অস্তিত্ব নাই বিশেষতঃ আফ্রিকা, ভারতবর্ষ এবং অন্যান্য জায়গাগুলির মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে। শিক্ষণ নির্দেশাবলী তাদের জন্য প্রকাশ করা হয়েছিল যারা এইরূপ পরিস্থিতি বাইবেলটাইম পাঠগুলি ব্যবহার করছিল। এই পুস্তিকায় শিক্ষণ নির্দেশাবলী ১নং স্তর এবং ২নং স্তর বয়সসীমা প্রায় ৫-১০ বছর তাদের সাথে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে।

প্রতিটি শিক্ষণ নির্দেশ বাইবেলটাইম পাঠের মত একই বাইবেলের অংশ অনুসরণ করে। বাইবেলটাইম পাঠগুলি এবং নির্দেশাবলীগুলি সাপ্তাহিক ভিত্তিতে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে। এপ্রিলের পাঠগুলি বিশেষভাবে ইষ্টারের সাথে সম্পর্কযুক্ত এবং ডিসেম্বরের পাঠগুলি বড়দিনের সাথে সম্পর্কযুক্ত।

কোন কোন এলাকায় পাঠগুলির A৪ সাপ্তাহিক প্রকাশনা ব্যবহার করবে এবং অন্য জায়গায় ২৪টা পাঠ যুক্ত করে A৫ পুস্তিকা ব্যবহার করবে। সাধারণতঃ শিক্ষক-শিক্ষিকা বা নেতা-নেত্রী মাসিক A৪ পাঠটি দিবেন এবং প্রতি সপ্তাহে মণ্ডলীতে বা স্কুলে পাঠটি পূর্ণ করা হবে অথবা বাড়ী নিয়ে যাবে এবং পরবর্তী সপ্তাহে ফেরত আসবে। মাসের শেষে শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠটি সংগ্রহ করবেন এবং প্রয়োজনীয় নম্বর দিবেন, যত শীঘ্র সম্ভব ছাত্রছাত্রীকে নম্বর দেওয়া পাঠগুলি ফেরত দিবেন।

পুস্তিকাটি যখন আদর্শরূপে ব্যবহার করা হবে, তখন প্রতিটি সেসনের শেষে, পুস্তিকাগুলি সংগ্রহ করা হবে এবং নম্বর দেওয়া হবে। আমরা বুঝতে পেরেছি যে অনেক পরিস্থিতে তা অসম্ভব। কাজেই ক্লাশরুমের মধ্যে সেগুলি অন্য ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা যেতে পারে এবং শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠগুলির মাধ্যমে উত্তরগুলি বলবেন আর ছাত্রছাত্রীরা তাদের বন্ধুর পাঠে নম্বর দিবে এবং একটা হিসাব দিবে। পুস্তিকাটির একেবারে শেষে প্রত্যেক মাসের পাঠের জন্য হিসাবের একটা জায়গা আছে এবং ছাত্রছাত্রী কি উন্নতি করেছে সেই বিষয়ে মন্তব্যের জন্য একটা জায়গা আছে। সেখানে একটা সার্টিফিকেটও আছে যা আলাদা করা যেতে পারে এবং পাঠটির ছয় মাসের জন্য ছাত্রছাত্রী যে শতাংশ অর্জন করেছে তার নির্দেশ দিয়ে তা ছাত্রছাত্রীকে ফেরত দেওয়া হবে।

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য প্রস্তুতি

শিক্ষক-শিক্ষিকাদের নিজেদের কল্পনা এবং কাজ করার উদ্যমের সাথে তাদের নিজেদের মত জিনিসগুলি মানিয়ে নিতে আমরা তাদের জন্য নির্দেশক হতে এবং বাধা দিতে চাই না। এগুলি পরামর্শ যা বাইবেলটাইম রিসোর্স ব্যবহার করতে সাহায্য করতে পারে।

- **গল্পটি ভালভাবে জানুন** - শিক্ষক-শিক্ষিকাদের বাইবেলের গল্পটির সাথে এবং তার সাথে মিল করা বাইবেলটাইম পাঠের সাথেও যতটা সম্ভব ততটা পরিচিত হওয়া উচিত। আদর্শরূপে, বাইবেলটাইম পাঠটি শিক্ষক-শিক্ষিকার দ্বারা পাঠের আগেই সম্পূর্ণ করা উচিত। প্রতিটি পাঠের জন্য নির্দেশাকাটি পাঠগুলির জন্য পরিকল্পনায় এক সাহায্য হিসাবে সাবধানে ধরে নেওয়াও উচিত।
- **শিখবার জন্য পাঠগুলি বোঝা** - প্রতিটি পাঠ পরিকল্পনার উপরে আপনি "আমরা শিখছি যে" শব্দগুলী লক্ষ্য করে থাকবেন, তারপরই আছে শিখবার দুইটা উদ্দেশ্য যা ছেলেমেয়েরা শিক্ষক/শিক্ষিকার উপস্থাপনা শুনবার পর এবং বাইবেলটাইম পাঠ সম্পূর্ণ করার পর বুঝবে বলে আশা করা যায়। প্রথম শিখবার উদ্দেশ্যটি গল্পটির বিষয়ে জ্ঞানের সাথে যুক্ত, যেখানে দ্বিতীয়টি জ্ঞানের বিষয়ে চিন্তা করতে তা প্রয়োগ করতে এবং সাড়া দিতে ছেলেমেয়েদের উৎসাহ দেয়। এই শিখবার উদ্দেশ্যগুলি প্রধান মতবাদ/সত্যের এক সংক্ষিপ্ত বক্তব্য যা পাঠে শিখান হয় এবং শিক্ষক/শিক্ষিকাগণ শিক্ষা দিতে এবং শিখতে তাদের ব্যক্তিগত মূল্যায়নের জন্য ব্যবহার করতে ইচ্ছা করতে পারে যা ঘটেছে।
- **পরিচয় করান** - সমস্ত পাঠগুলির সাথে, আমরা সেখানে শুরু করি যেখানে ছেলেমেয়েরা পরিস্থিতে তাদের নিজেদের অভিজ্ঞতার সাথে থাকে। আমরা বিভিন্ন উপায়ের বিষয়ে পরামর্শ দিয়েছি যা গল্পটি পরিচয় করাতে ব্যবহার করা যেতে পারে যা ছেলেমেয়েদেরকে গল্পটির আরম্ভের মুহূর্ত আলোচনা উত্তর প্রত্যুত্তর করতে সক্ষম করে।
- **শিক্ষা দিন** - আমরা গল্পটির মূল বিষয়গুলি দিয়েছি। আমরা আশা করব যে শিক্ষক-শিক্ষিকারা যখন প্রকৃতই গল্পটা বলবেন তখন তাদের এগুলি উল্লেখ করতে হবে না কিন্তু তাঁরা গল্পটির সাথে পরিচিত হবেন এবং এক চমকপ্রদ এবং অনুপ্রাণিতভাবে তা শিক্ষা দিতে সম্ভব হবেন। শিক্ষক-শিক্ষিকারা চাইবেন ছেলেমেয়েরা গল্পটা থেকে মূল শিক্ষাগুলি যেন বুঝতে পারে এবং গল্পটা শেখা থেকে তাদের কি সাড়া দিতে হবে তা বুঝতে তাদের সাহায্য করবেন। যতটা উপযোগী করা যায় আমরা কয়েকটি ব্যাখ্যা গল্প

বলাটার মধ্যে একত্রে বুনতে চেষ্টা করেছি। এগুলি সবসময় ***বাঁকা অক্ষরগুলিতে*** যুক্ত করেছি।

- **শিখুন** - প্রতিটি গল্পে একটা মূল পদ দেওয়া আছে। কোন কোন ক্ষেত্রে দুইটা মূল পদ দেওয়া আছে। আমরা আর একটা মূল পদ যোগ করেছি এজন্য যে তা ছেলেমেয়েদের জন্য শিখতে সহজ হতে পারে। আমরা আশা করি যে ছেলেমেয়েরা মূল পদগুলি শিখবে এবং যতবার সম্ভব তা তাদের মনে করিয়ে দেওয়া হবে যেন তারা মূল বাইবেলের পদগুলির বিষয়ে জ্ঞান প্রতিষ্ঠা করতে শুরু করে।
- **সম্পূর্ণ করুন** - স্কুলের পরিস্থিতিতে আপনি কাজ করার পৃষ্ঠা সম্পূর্ণ করতে ছেলেমেয়েদের যোগ্যতার বিষয়ে এবং কতটা শিক্ষক-শিক্ষিকার সাহায্য প্রয়োজন সেবিষয়ে জানতে পারবেন। কারও কারও জন্য, এটা প্রয়োজন হবে যে শিক্ষক-শিক্ষিকা পাঠের অংশটি পড়বেন যখন ছেলেমেয়েরা সেটা অনুসরণ করবে যা এখন এক পরিচিত গল্প। অন্য ছেলেমেয়েরা হয় স্বাধীনভাবে পাঠ্যাংশটি পড়তে সক্ষম হবে। অন্য ক্ষেত্রে, এটা হয়ত বিশেষ নির্দেশগুলির প্রতি ছেলেমেয়েদের দৃষ্টি আকর্ষন করতে একটা চিন্তাধারা যা প্রশ্নগুলির সাথে সম্পর্কযুক্ত। আপনি যদি স্কুল ছাড়া প্রসঙ্গে বাইবেলটাইম ব্যবহার করছেন, তবে সাহায্য করতে আপনাকে পাওয়া গুরুত্বপূর্ণ যেন এটা এক দৈনন্দিন কাজকর্ম বা পরীক্ষা হিসাবে উপলব্ধি না করা হয়। এটা আনন্দজনক উৎসাহজনক এবং প্রশংসাজনক হওয়া উচিত যখন প্রদত্ত কাজটি করা হয় যা গুরুত্বপূর্ণ।
- **মনে রাখুন** - আমরা পরামর্শ দিয়েছি যখন সম্ভব, তখন শিখতে সাহায্য, এবং গল্পটি পুনরালোচনা করার এক উপায় হিসাবে কুইজ অথবা নাটক করা যেতে পারে।
- **দেখান** - আমরা জানি যে কোন কোন পরিস্থিতিতে, দৃশ্য উপকরণগুলি পাওয়া খুব কষ্টকর কিন্তু যখনই সম্ভব তখন গল্পটা বুঝতে সাহায্য করতে ছবিগুলি বা বস্তুগুলির উপর দৃষ্টিপাত করা গুরুত্বপূর্ণ। দৃশ্য উপকরণগুলি গল্প বলতে এক বিরাট সাহায্য হতে পারে। প্রতিটি পাঠে যেখানে প্রযোজ্য সেখানে আমরা www.freebiblemages.org ছবি (এফবিআই) থেকে ছবিগুলির বিষয়ে তথ্য দিয়েছি যেগুলি তাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যেতে পারে। দৃশ্য উপকরণগুলির আর একটি উৎস হল এইকন বাইবেল আর্ট [info@eikonbibleart.com] কিন্তু তাদের উপকরণগুলি কিনতে হবে। যেখানে জেরক্স করার সুবিধা আছে সেখানে কোন কোন বাইবেলটাইম ছবিগুলি বড় করে, রং করে, শিক্ষা দেবার জন্য ব্যবহার করা যেতে পারে।

**মূল পদটি শিক্ষা দেওয়া**

১) পদটি একটা বড় কাগজে অথবা বোর্ডে এমনভাবে লেখা যেতে পারে যেখানে ছেলেমেয়েরা যখন পদটি বার বার বলবে তখন একটা করে শব্দ সরানো যাবে যতক্ষন না সমস্ত পদটি সরানো হয় এবং ছেলেমেয়েরা তাদের সামনে শব্দগুলি না দেখেই পদটি পুনরাবৃত্তি করতে পারে।

২) মূল পদটি পরিচয় করিয়ে দিতে আপনি ব্যবহার করতে পারেন ঃ
ক) দুইটা দলের সাথে হ্যাংম্যান পদ্ধতি — অনেক সংখ্যার অক্ষর — কোন অক্ষর ছাড়াই মূল পদটির জন্য জায়গাগুলি দেওয়া — ছেলেমেয়েরা বেছে নিবে কোন অক্ষরগুলি তারা চায় যতক্ষন না কোন একজন পদটি চিনতে সক্ষম হয়।
খ) যেখানে বাইবেল পাওয়া যাবে সেখানে সোর্ড ড্রিল করান, ছেলেমেয়েরা পদটি খুঁজতে বাইবেল ঘাঁটবে এবং যে প্রথমে খুঁজে পাবে সে জোরে পড়বে।

**সময়ের পরিকল্পনা**

- **ধারা**। প্রতিটি পাঠের জন্য আমরা শিক্ষা নির্দেশিকায় দেওয়া একই ধারা রেখেছি কিন্তু শিক্ষকরা যাঁরা সময় সময়ে পরিবর্তন করতে চাইতে পারেন।

    ১। ভূমিকা এবং গল্পটা বলা — প্রায় ১৫ মিনিট
    ২। মূল পদটি শিক্ষা দেওয়া — ৫-১০ মিনিট
    ৩। কাজ করার পৃষ্ঠাটি সম্পূর্ণ করা — ২০ মিনিট
    ৪। কুইজ এবং অন্যান্য কায্যক্রম — ৫-১০ মিনিট

**গুরুত্বপূর্ণ কথাটি মনে রাখুন ঃ**

"আমাকে বল এবং আমি ভুলে যেতে পারি,
আমাকে দেখাও এবার আমি মনে রাখব,
আমাকে নিয়োজিত কর আর আমি বুঝতে পারব।"

# বাইবলটাইম সিলেবাস

| | ০ স্তর (স্কুল পূর্ববর্তী)<br>১ম স্তর (৫-৭ বছর)<br>২য় স্তর (৮-১০ বছর) | ৩য় স্তর (১১-১৪ বছর) | ৪র্থ স্তর (১৪+ বছর) |
|---|---|---|---|
| | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমচার |
| সিরিজ A | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। অব্রাহাম<br>৬। অব্রাহাম<br>৭। পিতর<br>৮। পিতর<br>৯। যাকোব<br>১০। আদি খ্রীষ্টিয়ানরা<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। প্রার্থনা<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। আদিতে উন্নতি - আদিপুস্তক<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। খ্রীষ্টিয় জীনব<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ B | ১। খ্রীষ্টের বাল্য জীবন<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। দৃষ্টান্তগুলি<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। সুসমাচার লেখকরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যাকোব ও তার পরিবার<br>৭। যোষেফ<br>৮। প্রেরিত ২:৪২ - অগ্রবর্তী<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। নিয়ম<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ C | ১। দানিয়েল<br>২। আরও আশ্চর্যকাজ<br>৩। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত ও শমূয়েল<br>৬। দায়ূদ<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। ইলিশায়<br>১০। ইলিশায়<br>১১। যোনা<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৩। আরও আশ্চর্যকাজ<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। ঈশ্বর কর্তৃক ব্যবহৃত ব্যক্তি-গন - পুরাতন নিয়ম<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর বাণী<br>৩। প্রভুর ক্ষমতা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। পুরাতন নিয়মের আরও চরিত্র<br>১২। বড়দিনের গল্প |

# A৭ ১ নং গল্প

## পিতর প্রচার করেন — এই গল্পটা যীশুর বিষয়ে প্রচার করতে পবিত্র আত্মার দ্বারা পিতরের সাহায্যের বিষয়

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• শিষ্যদের জন্য পবিত্র আত্মা থাকা প্রয়োজন ছিল।<br>• পবিত্র আত্মা প্রত্যেকের মধ্যে বাস করেন যারা প্রভু যীশুকে পরিত্রাতা হিসাবে বিশ্বাস করেছে।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২:৩৬**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২:১-১৪, ৩৬-৩৯** |
| পরিচয় করান | • পবিত্র আত্মাকে পরিচয় করাতে প্রশ্নগুলি ব্যবহার করুন। তোমরা কি বাতাস দেখতে পাও? না। কিভাবে তোমরা জান যে বাতাস আছে? তোমরা দেখতে পাও তা কি করে। তোমরা যদি বাইরে দেখতে পাও, তবে বাতাসের চিহ্ন দেখ।<br>• ছেলেমেয়েদের পুনরুত্থানের গল্পটা মনে করিয়ে দিন — যীশু মরেছিলেন এবং বেঁচে উঠেছেন। তিনি স্বর্গে ফিরে যাওয়ার আগে এক অতি বিশেষ অদৃশ্য সাহায্যকারী পাঠাতে তিনি শিষ্যদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন।<br>• এই সাহায্যকারী ছিলেন এক ব্যক্তি যাঁকে পবিত্র আত্মা বলা হয় যিনি আসবেন এবং তাদের প্রত্যেকের মধ্যে বাস করবেন। ঠিক বাতাসের মত, তারা পবিত্র আত্মাকে দেখতে সক্ষম হবে না কিন্তু তারা পার্থক্যটি জানবে যা তিনি তাদের জীবনে তৈরী করবেন। |
| শিক্ষা দিন | • যীশু স্বর্গে ফিরে যাবার পর একদিন, শিষ্যরা যিরূশালেমে একটা বাড়ীতে একসাথে মিলিত হয়েছিল। **(প্রেরিত ২:১-৪)** হঠাৎ সমস্ত জায়গাটা প্রচণ্ড ঝড়ের আওয়াজে পূর্ণ হয়েছিল। তারপর আগুনের শিখার মত কোনকিছু প্রতিটি ব্যক্তির মাথার উপর বসেছিল। পবিত্র আত্মা এসেছিলেন! *প্রেরিতরা কেমন অনুভব করেছিল বলে তোমরা মনে কর যখন যখন বিশেষ দান এসেছিল? (উত্তেজিত, অবাক, খুশী যে যীশুর প্রতিজ্ঞা সত্যি হয়েছিল)*<br>• তারপর তারা আবিষ্কার করেছিল যে তারা বিভিন্ন ভাষায় কথা বলছিল! *ব্যাখ্যা করুন যে সাধারণতঃ আমরা কেবলমাত্র সেই ভাষাগুলিতেই কথা বলতে পারি যা আমাদের বাবা-মার কাছ থেকে শিখেছি যখন আমরা ছোট ছিলাম অথবা যা শেখান হয়েছে। যীশুর শিষ্যরা ভাষাগুলি শিখে নি। এই সমস্ত চিহ্নগুলি শিখিয়েছিল যে আত্মা এসেছেন। তোমরা যদি সেই বাড়ীটার পাশ দিয়ে যেতে তবে তোমরা কি ভাবতে?*<br>• কাছাকাছি যে সব লোকেরা ছিল তারা আওয়াজ শুনেছিল এবং হতভম্ব কিন্তু অবাক হয়েছিল! **(প্রেরিত ২:৫-১৩)**<br>• পিতর জানতেন যে যা ঘটছিল তা ব্যাখ্যা করার এটাই ছিল তাঁর সুযোগ এবং প্রভু যীশুর বিষয় তাদের বলেছিলেন। **(প্রেরিত ২:৩৬-৩৯)** *লোকের এক বিরাট জনতার কাছে প্রচার (কথা বলা/ব্যাখ্যা করার) করার বিষয় কত কঠিন হতে পারত আলোচনা করুন। (একটু ভয়ের, বলতে সঠিক শব্দগুলি জানা, লোকেরা কি ভাবতে বা করতে পারে সেবিষয়ে চিন্তা ......) কিন্তু পিতর তা করতে সক্ষম হয়েছিলেন কারণ পবিত্র আত্মা তাঁকে সাহায্য করেছিলেন।*<br>• পিতরের শ্রোতাদের পাপ থেকে রক্ষা পাওয়ার প্রয়োজন ছিল যেমন আমাদেরও আছে।<br>• ব্যাখ্যা করুন যে পবিত্র আত্মা প্রত্যেককে দেওয়া হয় যারা প্রভু যীশুকে পরিত্রাতা হিসাবে বিশ্বাস করে। পবিত্র আত্মা অন্যকে যীশুর বিষয় বলতে আমাদের সাহায্য করবেন।<br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — পঞ্চশত্তমীর দিন |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **প্রেরিত ২:৩৬।** এটা পিতর যা বলেছিলেন তার অংশ যখন তিনি প্রচার করছিলেন। তিনি বলেছিলেন যে তারা সেই লোক যারা যীশুকে মেরেছিল কিন্তু ঈশ্বর আবার তাঁকে জীবিত করে তুলেছিলেন। এটা প্রমাণ করেছিল যে যীশু কেবলমাত্র একজন মানুষ ছিলেন না কিন্তু তিনি প্রভু এবং খ্রীষ্ট। |
| স্মরণে রাখুন | • শিষ্যরা কোথায় ছিলেন যখন পবিত্র আত্মা এসেছিলেন?<br>• আত্মার শব্দটা কেমন ছিল?<br>• শিষ্যরা কি দেখেছিলেন?<br>• পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার সাথে সাথে তাঁরা কি করতে সক্ষম হয়েছিলেন?<br>• যা ঘটেছিল কারা তা শুনতে পেয়েছিল?<br>• কোন্ শিষ্য উঠে দাঁড়িয়েছিলেন এবং কি ঘটেছিল তা ব্যাখ্যা করেছিলেন?<br>• পিতর কার বিষয়ে বলেছিলেন?<br>• পিতর তাদের পাপের বিষয়ে তাদের কি করতে বলেছিলেন?<br>• কি দান তারা পেতে পারে যদি তারা তা করে?<br>• কি প্রকারের লোকদের মধ্যে আজ পবিত্র আত্মা বাস করতে পারেন? |

## A৭ ২য় গল্প

## পিতর একজন খোঁড়া লোককে সুস্থ করেন — এই গল্পটা ঈশ্বরের আরোগ্যতার ক্ষমতার বিষয়

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• খোঁড়া লোকটাকে সুস্থ করতে যীশুর ক্ষমতা পিতর ও যোহনের মাধ্যমে কাজ করেছিল।<br>• পিতর ও যোহন খোঁড়া লোকটাকে সাহায্য করতে চেয়েছিল এবং আমাদেরও অন্যদের সাহায্য করা উচিত।<br><br>**মূল পদ : ১নং স্তর - প্রেরিত ৩:৬, ২নং স্তর - প্রেরিত ৩:১৬**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৩:১-১২** |
| পরিচয় করান | • অনুভব সহকারে খোঁড়া লোকটির বর্ণনা দিন যে হাঁটতে পারত না কিন্তু ভিক্ষা করতে পারত। অর্থের জন্য যেন নিজেকে বাঁচিয়ে রাখতে খাবার কিনতে পারে।<br>• আপনার হয়ত এক জোড়া ক্রাচ থাকতে পারে যা আপনি দেখাতে পারেন, কিন্তু ব্যাখ্যা করুন এই ব্যক্তিকে তার বন্ধুরা বয়ে নিয়ে আসত সেখানে।<br>• মানুষটাকে বোঝাতে একটা দুঃখিত মুখের এক সাধারণ চিত্র ব্যবহার করুন। |
| শিক্ষা দিন | • একদিন পিতর ও যোহন যকন মন্দিরে যাচ্ছিলেন তখন খোঁড়া ব্যক্তিটা তাদের কাছে অর্থ চেয়েছিল। **(প্রেরিত ৩:১-৫)** *নির্দেশ করুন যে তাঁরা লোকটির কাছে কিছু সময় থেমেছিলেন।*<br>• পিতরের কথাগুলি ব্যবহার করুন। "আমার কাছে সোনা বা রূপা কিছুই নাই। কিন্তু আমার যা আছে তা তোমাকে দিব। যীশুর নামে উঠে দাঁড়াও এবং হেঁটে বেড়াও। **(প্রেরিত ৩:৬-৭)** *ব্যাখ্যা করুন যে সোনা ও রূপা কেবল মাত্র অল্প সাহায্য করতে পারে — তা মানুষটার পাগুলি ঠিক করতে পারে না। পিতর মানুষটিকে এমন কিছু দিতে সক্ষম হয়েছিলেন যা তার জীবনটা সম্পূর্ণভাবে পাল্টে দিয়েছিল।*<br>• পিতর তার হাত ধরেছিলেন এবং তার পায়ের উপর দাঁড়াতে তাকে সাহায্য করেছিলেন। হঠাৎ মানুষটির পা এবং পায়ের পাতা শক্ত হয়েছিল। সে তার জীবনে প্রথম বারের জন্য হাঁটতে এবং লাফাতে সক্ষম হয়েছিল! সে ঈশ্বরের প্রতি প্রশংসায় পূর্ণ হয়েছিল এবং পিতর ও যোহনের সাথে মন্দিরে গিয়েছিল। **(প্রেরিত ৩:৮)** *আগের ছবিটির পরিবর্তে খুশী মুখের ছবিটা দেখান। তোমরা কি চিন্তা করতে যদি তোমরা প্রতিদিন খোঁড়া লোকটাকে ভিক্ষা করতে দেখতে অভ্যস্ত হতে?*<br>• যা ঘটেছিল তা দেখে প্রত্যেকে অবাক হয়েছিল। **(প্রেরিত ৩:৯-১২)**<br>• *চিন্তা করুন কিভাবে আমরা পিতরের উদাহরণটা অনুসরণ করতে পারি। ব্যবহারিক স্তরে অপরকে সাহায্য করার বিষয়ে কথা বলুন এবং আপনি এটাও উল্লেখ করতে পারেন যে সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস যা আমরা অন্যকে দিতে পারি তা হল প্রভু যীশুর বিষয়ে শুভ সংবাদ।*<br>• *মানুষটার মত আমাদের জীবনেও সমস্যা আছে। যীশুর শক্তি আমাদের পাপ সরিয়ে দিতে সক্ষম ঠিক যেমন মানুষটি হাঁটতে সক্ষম না হওয়া থেকে মুক্ত হয়েছিল।*<br>• *কয়েকটা জিনিস চিন্তা করুন যার জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করতে পারি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — একজন খোঁড়া ভিখারী সুস্থ হয়। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **১নং স্তর - প্রেরিত ৩:৬, ২ নং স্তর - প্রেরিত ৩:১৬।** যদি প্রয়োজ্য হয়, তবে ছেলেমেয়েরা মূল পদটি বলার সময় সেখানে হাঁটতে, লাফাতে বা ঝাঁপাতে পারে। |
| স্মরণে রাখুন | • সেটা কোন সময় ছিল?<br>• পিতর ও যোহন কোথায় যাচ্ছিলেন?<br>• লোকটি কতদিন ধরে হাঁটতে অক্ষম ছিল?<br>• সে প্রতিদিন কোথায় বসে থাকত?<br>• সে পিতর ও যোহনের কাছে কি চেয়েছিল?<br>• লোকটিকে সুস্থ করতে পিতর কার নাম ব্যবহার করেছিলেন?<br>• তার সাথে কথা বলার সাথে সাথে পিতর আর কি করেছিলেন?<br>• তিনটা জিনিসের নাম কর যা লোকটি এখন করতে সক্ষম?<br>• ভাল হয়ে যাওয়ার পর সে কোথায় গিয়েছিল?<br>• যীশুর শক্তি আমাদের জীবনে কি করতে পারে? |

# A৭ ৩নং গল্প

## কারাগারে পিতর — কিভাবে ঈশ্বর তাদের সাহায্য করেন যারা তাঁর পরিচর্য্যা করে এই গল্পটা সেই বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• প্রথম খ্রীষ্টানরা ধর্মীয় নেতাদের থেকে বিরোধিতার সম্মুখীন হয়েছিল যারা প্রভু যীশুকে ক্রুশে দিয়েছিল।<br>• যারা প্রকৃতই যীশুকে ভালবাসে তারা তাঁর বাধ্য হতে চায়, যতই সমস্যা থাকুক না কেন।<br><br>**মূল পদ : ইব্রীয় ১৩:৬**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৪:১-২২** |
| পরিচয় করান | • যেহেতু এই গল্পটা আগের গল্পটার ধারাবাহিকতা, সেজন্য শুরুতে কয়েকটি সত্য পুনরালোচনা করা সবচেয়ে ভাল হবে।<br>• খুশী মুখ এবং দুঃখিত মুখ দেখান যেমন<br>• কিভাবে লোকটিকে হাঁটতে সক্ষম করা হয়েছিল? নিশ্চিত হন যেন ছেলেমেয়েরা বোঝে যে তা যীশুর ক্ষমতার দ্বারা হয়েছিল। |
| শিক্ষা দিন | • এর পর, পিতর ও যোহন পুনরুত্থিত প্রভু যীশুর বিষয় প্রচার করেছিলেন এবং অনেক লোক বিশ্বাস করেছিল। **(প্রেরিত ৪:১-২,৪)** কিন্তু পিতর যে লোকদের বলছিলেন যে যীশু পুনরুত্থিত হয়েছেন সে বিষয়ে মন্দিরের দায়িত্বে থাকা মানুষরা রাগ করেছিলেন। তৎক্ষণাৎ তারা পিতর ও যোহনকে গ্রেপ্তার করেছিল এবং তাদের কারাগারে ঢুকিয়েছিল। **(প্রেরিত ৪:৩)** *ব্যাখ্যা করুন এটা তাদের জন্য কিসের মত হয়েছিল।*<br>• পরের দিন সকালে তাদের বের করে আনা হয়েছিল এবং কোর্ট-এ তাঁদের প্রশ্ন করা হয়েছিল। **(প্রেরিত ৪:৫-৭)** *ব্যাখ্যা করুন যে কোর্ট একদল লোক যারা সিদ্ধান্ত নেয় যে কোন একজন অন্যায় করার জন্য দোষী কি না।*<br>• আবার একবার পিতর পবিত্র আত্মার সাহায্যের দ্বারা বলতে পেরেছিলেন লোকটি কিভাবে সুস্থ হয়েছিল। **(প্রেরিত ৪:৮-১২)** পিতর ও যোহনকে নিয়ে কি করা যায় তা জানা কোর্টের পক্ষে কঠিন ছিল। তারা জানত যে এক বিরাট আশ্চর্য্য কাজ ঘটেছিল কিন্তু তা আলোচনা করার পর, তারা সিদ্ধান্ত নিয়েছিল এবং আবার যীশুর বিষয়ে বলতে পিতর ও যোহনকে না করেছিল। **(প্রেরিত ৪:১৩-১৯)** *এ বিষয়ে পিতর ও যোহন কেমন অনুভব করেছিলেন? তাঁরা কি বাধ্য হতে পেরেছিলেন?*<br>• পিতর ও যোহন জানতেন যে প্রভু যীশুর বিষয়ে না বলা অসম্ভব হবে! **(প্রেরিত ৪:২০)** *তাঁরা যীশুকে এত ভালবাসতেন যে তাঁরা তাঁর বাধ্য হতে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন। তাঁরা জানতেন যা কিছু ঘটুক না কেন তাঁরা প্রভুর উপর নির্ভর করতে পারেন যে তিনি তাঁদের সাথে থাকবেন। পবিত্র আত্মা তাঁদের সাহায্য করবেন।*<br>• *যীশু চান আমরাও যেন তাঁকে ভালবাসি এবং তাঁর বাধ্য হই, তা যতই কঠিন হোক না কেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি এখানে শেষ করুন।**<br>**তা দেখান :** এফবিআই — পিতর ও যোহন বন্দী হন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **ইব্রীয় ১৩:৬**। আপনি প্রথম পাঁচটা শব্দ এবং পদটা দিয়ে "হ্যাংম্যান" খেলতে পারেন তারপর পরবর্তী দুইটা অংশ যোগ করতে পারেন। ছেলেমেয়েদের তিনটা দলে ভাগ করা যেতে পারে যেখানে প্রতিটা ভাগ একটা অংশ বলবে এবং সকলে যেন পদটা পুনরাবৃত্তি করবে। *তুমি কি মনে কর এই শব্দগুলি পিতর ও যোহনের কাছে সাহায্য হতে পারত? ব্যাখ্যা করুন যে সেগুলি জানা আমাদেরও সাহায্য করতে পারে।* |
| স্মরণে রাখুন | বক্তব্যগুলি কার্ডের উপর লিখে এবং একটা থলির মধ্যে রেখে সত্য/মিথ্যা কুইজ করুন। প্রতিটি বক্তব্যে একটি সংখ্যার (৫ থেকে ৫০০) পয়েন্ট দেওয়া আছে। দুইটা দল করুন।<br><br>• পুলিস পিতর ও যোহনের উপর খুব রেগে গিয়েছিল।<br>• তারা সারারাত কারাগারে কাটিয়েছিল।<br>• যখন তারা মুক্ত হয়েছিল তখন কোর্ট তাদের প্রশ্ন করেছিল।<br>• পিতর কোর্টকে বলেছিলেন যে যীশুর ক্ষমতা লোকটিকে সুস্থ করেছিল।<br>• পবিত্র আত্মা পিতর ও যোহনকে কোর্টের কাছে কথা বলতে সাহায্য করেছিলেন।<br>• পিতর ও যোহন কোর্ট থেকে মুক্ত হয়েছিল।<br>• কোর্ট সিদ্ধান্ত নিয়েছিল যে পিতর ও যোহন অবশ্যই যীশুর বিষয়ে কথা বলবেন না।<br>• পিতর ও যোহন বলেছিলেন তাঁরা কোর্টের বাধ্য হবেন। |

## A৭ ৪নং গল্প
## পিতর মুক্ত হন — এই গল্পটা ঈশ্বরের প্রার্থনার উত্তর দেবার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর খ্রীষ্টানদের তাঁর ক্ষমতা ও সাহায্য দেন যেন তারা তাঁর কাজ করতে পারে।<br>• আমরা যে পরিস্থিতির সম্মুখীন হই তার প্রতিটিতে প্রার্থনা গুরুত্বপূর্ণ।<br><br>**মূল পদ : প্রেরিত ৪:৩১ অথবা মথি ৬:৩৩**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৪:২৩-৩১** |
| পরিচয় করান | সেই খবরগুলির বিষয়ে কথা বলুন যা ছেলেমেয়েরা তাদের বন্ধুদের বা পরিবারের কাছে জানাতে ইচ্ছা করবে — হতে পারে তা কোথাও বেড়াতে গিয়ে তারা কি করেছে বা দৌড়-এ জয়লাভ করেছে সে বিষয়ে চমকপ্রদ খবর। অথবা হতে পারে তারা কোন বিষয়ে চিন্তিত হয়েছিল এবং তা বন্ধুদের বলতে তারা সাহায্য করেছে। |
| শিক্ষা দিন | • বন্ধুদের কাছে বলতে পিতর ও যোহনের কাছে খবর ছিল। **(প্রেরিত ৪:২৩)** ব্যাখ্যা করুন শুভ সংবাদ ছিল যে তারা কারাগার থেকে বের হয়েছেন কিন্তু খারাপ সংবাদ ছিল যীশুর বিষয়ে কথা বলতে তাঁদের বারণ করা হয়েছে।<br>• পিতর ও যোহনের বন্ধুরা প্রার্থনা করতে এক জ্ঞানপূর্ণ সিদ্ধান্ত নিয়েছিল। **(প্রেরিত ৪:২৪-৩০)** তারা জানত যে ঈশ্বর নিয়ন্ত্রণ করছেন। যারা তাঁদের থামাতে চেষ্টা করেছিল তাদের চেয়ে তিনি অনেক বেশী মহৎ। যখন তারা প্রার্থনা করেছিল তখন তারা চমকপ্রদ জিনিসগুলির কথা মনে করেছিল যা এরই মধ্যে ঈশ্বর করেছেন যা ঈশ্বরের ক্ষমতা দেখিয়েছে। তাদের সাহস দিতে এবং যীশুর ক্ষমতার দ্বারা আরও আশ্চর্য্য কাজ করতে তারা ঈশ্বরকে বলেছিল। **(প্রেরিত ৪:২৯,৩০)**<br>• যত তাড়াতাড়ি তারা প্রার্থনা করেছিল, ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন। **(প্রেরিত ৪:৩১)** *ব্যাখ্যা করুন যে দালানটি কেঁপে উঠেছিল কারণ ঈশ্বর আবার তাদের পবিত্র আত্মার ক্ষমতা দেখাচ্ছিলেন যিনি তাদের সাহায্য করবেন যখন প্রভু যীশুর বিষয়ে কথা বলবে।*<br>• *ব্যাখ্যা করুন যে আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পারি যখন আমাদের কঠিন কাজগুলি করতে হয়।*<br>• *ঈশ্বর আমাদের প্রার্থনা শোনেন এবং উত্তর দেন আর আজকের গল্পের লোকদের মত, প্রভু যীশুকে প্রথমে রাখতে তিনি আমাদের সাহায্য করবেন।*<br>• *২নং স্তরের ছেলেমেয়েদের কাছে, আপনি হয়ত সেই খ্রীষ্টানদের কথা উল্লেখ করতে পারেন যারা অন্যান্য দেশগুলিতে বাস করছে যেখানে অন্যেরা তাদের যীশুর বিষয়ে শুভ সংবাদ বলা বন্ধ করতে চেষ্টা করে। আমরা প্রার্থনা করতে পারি যেন প্রভু যীশুকে প্রথম স্থান দিতে তাদের সাহস দেওয়া হয়।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পিতর ও যোহন গ্রেপ্তার হন। |
| শিখুন | মূর পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন — **প্রেরিত ৪:৩১ অথবা মথি ৬:৩৩। মথি ৬:৩৩** পদে, "অন্বেষণ" শব্দটির সাধারণ অর্থ রাখা। ঈশ্বরের রাজ্য অর্থ প্রতিটি জিনিস যা ঈশ্বরের কাছে গুরুত্বপূর্ণ এবং অবশ্যই তা প্রভু যীশুকে যুক্ত করে। |
| স্মরণে রাখুন | A৭ থেকে সমস্ত চারটি গল্পের উপর ভিত্তি করে একটা কুইজ<br>• কেন যীশুর শিষ্যদের পবিত্র আত্মার প্রয়োজন ছিল?<br>• আত্মা যখন এসেছিলেন তখন শিষ্যরা কি দেখেছিল?<br>• মূল পদটি শেষ কর : "যাঁহাকে তোমরা ক্রুশে দিয়াছিলে, সেই যীশুকেই ঈশ্বর __________ ও __________ উভয়ই করিয়াছেন। **(প্রেরিত ৪:৩১)** [১নং গল্প]<br>• মন্দিরে লোকটি কেন পয়সার জন্য ভিক্ষা করছিল?<br>• কতদিন যাবত সে হাঁটতে অক্ষম ছিল?<br>• মূল পদটিতে হারান শব্দগুলি পূর্ণ কর : "নাসরতীয় যীশু খ্রীষ্টের নামে, __________ __________ __________ __________।"<br>• এই আশ্চর্য কাজটি লোকদের কাছে প্রভু যীশুর বিষয়ে কি প্রমাণ করেছিল?<br>• পিতর ও যোহনকে কেন কারাগারে বন্দী করা হয়েছিল?<br>• কোর্ট তাদের কি না করতে বলেছিল?<br>• কি ঘটনা ঘটেছিল যখন ঈশ্বর পিতর ও যোহনের বন্ধুদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন? |

# A৮ ১নং গল্প
## পিতর দর্কাকে সাহায্য করেন — এই গল্পটা দর্কাকে জীবন ফিরিয়ে দেবার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• পিতরের দর্কাকে আরোগ্য করার মধ্য দিয়ে প্রভু যীশুর ক্ষমতা কাজ করছিল।<br>• প্রভু যীশুকে বিশ্বাস করার দ্বারা আমাদের তাঁর কাছে সাড়া দেওয়া প্রয়োজন।<br><br>**মূল পদ : প্রেরিত ৯:৪২**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৯:৩১-৪৩** |
| পরিচয় করান | • সেই উপায়গুলির বিষয়ে কথা বলুন যখন আমরা আমাদের যা আছে তা দেবার দ্বারা যেসব লোকদের সাহায্য করতে পারি যাদের প্রয়োজন আছে। সম্ভবত তা করার উপায়গুলির উদাহরণ দিতে কিছু দৃশ্য উপকরণ ব্যবহার করুন।<br>• একজন অতি দয়ালু মহিলা হিসাবে দর্কাকে পরিচয় করান যে প্রভু যীশুকে ভালবাসত। এই কারণে, সে অন্যকে সাহায্য করে সময় কাটাত এবং সেলাইয়ে ভাল ছিল বলে যারা গরীব ছিল তাদের জন্য পোষাক তৈরী করত। |
| শিক্ষা দিন | • একদিন দর্কা খুব অসুস্থ হয়েছিল এবং মারা গিয়েছিল। **(প্রেরিত ৯:৩৭)** *তার বন্ধুরা কেমন অনুভব করেছিল?*<br>• খ্রীষ্টানদের মধ্যে দুইজন পিতরকে খুঁজতে গিয়েছিল যিনি যাফোর কাছাকাছি শহরে ছিলেন। **(প্রেরিত ৯:৩৮, ৩৯)**<br>• তখনই, পিতর দর্কার বাড়ী এসেছিলেন। **(প্রেরিত ৯:৪০, ৪১)** *বিশদভাবে ব্যাখ্যা করুন কিভাবে পিতর প্রথমে প্রার্থনা করেছিলেন, তারপর তার সাথে কথা বলেছিলেন, তার হাত ধরেছিলেন এবং তার পায়ের উপর দাঁড়াতে তাকে সাহায্য করেছিলেন। দর্কা বেঁচে উঠেছিল। পিতর যখন প্রথমে এসেছিলেন তখন যার সম্মুখীন হয়েছিলেন তার সাথে তুলনা করে খুশীর দৃশ্যটির বৈষম্য দেখান। জোর দিন যে এটা ছিল একটা আশ্চর্য কাজ যা কেবলমাত্র পিতর করতে পেরেছিলেন কারণ প্রভু যীশুর ক্ষমতা তাঁর মাধ্যমে কাজ করছিল।*<br>• অনেক লোক প্রভু যীশুকে বিশ্বাস করেছিল। **(প্রেরিত ৯:৪২)**<br>• *যারা দর্কাকে বেঁচে উঠতে দেখেছিল তাদের মত আমাদের প্রভু যীশুতে বিশ্বাস করা প্রয়োজন।*<br>• *সাধারণভাবে ব্যাখ্যা করুন তার অর্থ কি — আমাদের জানা আবশ্যক যে তিনি ঈশ্বরের পুত্র, তিনি জীবিত এবং আমাদের পাপগুলি সরিয়ে দিতে তাঁর ক্ষমতা আছে। যীশুতে বিশ্বাস করার অর্থ আমরা সম্পূর্ণরূপে তাঁকে বিশ্বাস করছি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — টাবিথা দর্কা বেঁচে উঠেছিল। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন — **প্রেরিত ৯:৪২**<br>*এই মূল পদটি এমন কি সবচেয়ে ছোট ছোট শিশুদের জন্যও সোজা হবে — আবার খেয়াল করবেন যেন ছেলেমেয়েরা তা বোঝে। খেয়াল করুন তারা যেন জানে যে "অনেক" বলতে কাদের উল্লেখ করা হয়েছে। কি তাদের প্রভুতে বিশ্বাস করাবে? প্রভুতে বিশ্বাস করা কেন আমাদের জন্য গুরুত্বপূর্ণ? কিভাবে একজন ব্যক্তি প্রভুতে বিশ্বাস করতে পারে?* |
| স্মরণে রাখুন | • দর্কা কোথায় বাস করত?<br>• কেন সে লোকদের সাহায্য করত?<br>• দর্কা যখন মারা গিয়েছিল তখন লোকেরা কি অনুভব করেছিল?<br>• কারা পিতরকে খুঁজতে গেয়েছিল?<br>• পিতর কি করেছিলেন যখন তিনি দর্কার বিছানার পাশে হাঁটু পেতেছিলেন।<br>• পিতর দর্কাকে কি বলেছিলেন?<br>• দর্কার সাথে কথা বলার পর পিতর কি করেছিলেন?<br>• দর্কার জীবন ফিরিয়ে আনার পর অনেক লোকরা কি করেছিল?<br>• মূল পদটি কোথায় পাওয়া যায়? |

# A৮ ২নং গল্প
# পিতর এক দর্শন পান — এই গল্পটা প্রত্যেকের জন্য ঈশ্বরের ভালবাসার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর পিতরকে যা করতে বলেছিলেন তা করতে পিতর বাধ্য হয়েছিলেন।<br>• ঈশ্বর প্রত্যেককে ভালবাসেন এবং চান প্রত্যেকে যেন প্রভু যীশুর বিষয়ে শুভ সংবাদটি জানে।<br><br>**মূল পদ : যোহন ৩:১৬**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ১০:৯-২৩** |
| পরিচয় করান | • উপায়গুলির বিষয়ে কথা বলুন যেখানে বিভিন্ন দেশগুলি থেকে লোকেরা আলাদা — যদি পাওয়া যায় তবে ফটো বা ছবিগুলি ব্যবহার করুন।<br>• গায়ের রঙ, চুল, পোষাক, ভাষা ইত্যাদির মধ্যে পার্থক্যগুলির বিষয়ে কথা বলুন।<br>• ঈশ্বর প্রত্যেককে সৃষ্টি করেছেন। তিনি চান প্রতিটি একক ব্যক্তি তাঁর নিজের বিষয়ে এবং তাঁর পুত্র, প্রভু যীশুর বিষয়ে জানে। |
| শিক্ষা দিন | • পিতর যখন যাফোতে প্রার্থনা করছিলেন (A৮ ১নং গল্পের সাথে যোগ করুন) ঈশ্বর পিতরকে শিখিয়েছিলেন যে তিনি প্রত্যেককে ভালবাসেন। **(প্রেরিত ১০:৯-১৬)** *দর্শনটির পূর্ণ বিবরণের মধ্যে যাওয়ার প্রয়োজন নাই। ২নং স্তরের ছেলেমেয়েদের সাথে, এটা বর্ণনা করা যেতে পারে যে এই সত্যটি বোঝা পিতরের জন্য কষ্টকর ছিল কারণ তিনি একজন যিহুদী ছিলেন এবং সেই সময় পর্যন্ত তিনি জানতেন যে এটা কেবলমাত্র যিহুদীদের জন্য ছিল যারা ঈশ্বরের কাছে গুরুত্বপূর্ণ ছিল। পিতরকে শিখতে হয়েছিল যে ঈশ্বরের কাছে প্রত্যেকেই বিশেষ ব্যক্তি।*<br>• তিনজন অতিথি উপস্থিত হয়েছিল এবং তারা পিতরকে কর্ণেলীয়ের বাড়ী যেতে আমন্ত্রণ জানিয়েছিল। **(প্রেরিত ১০:১৭-২২)** *ব্যাখ্যা করুন যে কর্ণেলীয় একজন গুরুত্বপূর্ণ রোমীয় সৈন্য ছিলেন যিনি ঈশ্বরের বিষয় আরও জানতে আগ্রহী ছিলেন। কর্ণেলীয় পিতরের থেকে আলাদা ছিলেন এবং পিতর সাধারণত তাঁর মত কোন একজনকে পরিদর্শন করতে যাবেন না। ব্যাখ্যা করুন পিতর কিভাবে জেনেছিলেন যে তাঁর জন্য যাওয়াটা ঠিক ছিল (১) যা ঈশ্বর তাঁকে ঠিক সেই সময় শিখিয়েছিলেন তা থেকে (২) যে পবিত্র আত্মা তাঁকে চালনা করছিলেন।*<br>• পিতর কৈসরে কর্ণেলীয়ের বাড়ীর দিকে যাত্রা করেছিলেন। (৪০ মাইল দূরে) **(প্রেরিত ১০:২৩)** *যে দূরত্বের সাথে ছেলেমেয়েরা পরিচিত তার সাথে তুলনা করে এই দূরত্বের কিছু নির্দেশ দিতে চেষ্টা করুন। এটা সারাদিন লাগতে পারে। এই যাত্রা করতে ঈশ্বরের প্রতি পিতরের বাধ্যতার উপর দৃষ্টি দিন।*<br>• *জোর দিন যে ঈশ্বর চান প্রত্যেকে যেন জানতে পারে যে তিনি তাদের ভালবাসেন। তিনি তাঁর ছেলেকে ক্রুশে মরতে দিয়েছিলেন যেন প্রত্যেকে ক্ষমা পেতে পারে।*<br>• *আপনি যদি ইতিমধ্যে প্রভু যীশুতে বিশ্বাস করে থাকেন তবে আপনি তাঁর বিষয়ে জানতে অন্যকে সাহায্য করতে পারেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পিতর কর্ণেলীয়কে যীশুর বিষয়ে বলেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **যোহন ৩:১৬** |
| স্মরণে রাখুন | • পিতর কার সাথে থাকছিলেন?<br>• দুপুরবেলা পিতর কি করছিলেন?<br>• ঈশ্বর যখন পিতরের সাথে কথা বলেছিলেন তখন তিনি পিতরকে কি জানাতে চেয়েছিলেন?<br>• কতজন ব্যক্তি পিতরকে দেখতে এসেছিল?<br>• পিতরের কাকে পরিদর্শন করার ছিল?<br>• কর্ণেলীয় কি কাজ করতেন?<br>• পিতর কেন কর্ণেলীয়ের বাড়ী গিয়েছিলেন?<br>• কিভাবে ঈশ্বর দেখিয়েছিলেন যে তিনি জগতে প্রত্যেককে ভালবাসেন?<br>**অভিনয় করুন:** গল্পটির অংশ যেখানে অতিথিরা উপস্থিত হয়েছিল তা অভিনয় করা যেতে পারে এবং ৩নং গল্পে তা চালিয়ে নেওয়া যেতে পারে। বয়স্ক নেতারা অতিথিদের এবং পিতরের অংশগুলি অভিনয় করতে পারে। |

# A৮ ৩নং গল্প

## পিতর ও কর্ণেলীয় — ঈশ্বর একজন রোমীয় উচ্চপদস্ত সেনাকে উদ্ধার করেন সে বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• কর্ণেলীয় প্রথম অযিহুদী (পরজাতি)দের মধ্যে একজন যীশুতে বিশ্বাস করেছিলেন এবং কিভাবে তা হয়েছিল।<br>• ঈশ্বর যে কোন ব্যক্তির পাপ ক্ষমা করতে ইচ্ছুক যে তাঁকে বিশ্বাস করে।<br><br>**মূল পদ : প্রেরিত ১০:৪৩**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ১০:২৩-৪৮** |
| পরিচয় করান | • যেহেতু এটা গত সপ্তাহের গল্পের ধারাবাহিকতা, সেজন্য বিশদটি পুনরালোচনা করতে ২নং গল্প থেকে কয়েকটা কুইজ ব্যবহার করা প্রযোজ্য হবে।<br>• এটা করে, আপনি হয়ত আপনার সম্প্রদায়ের কোন কোন গুরুত্বপূর্ণ ঘটনার এক উদাহরণ ছেলেমেয়েদের দিতে সক্ষম হবেন যা লোকদের খবরটি শুনতে একত্র করে। |
| শিক্ষা দিন | • পিতর কর্ণেলীয়ের বাড়ী পৌঁছলেন। **(প্রেরিত ১০:২৪-৩৩)** ছেলেমেয়েদের দৃশ্যটির ছবি ভাবতে সাহায্য করুন — কর্ণেলীয়ের বাড়ী ভীড়ে পূর্ণ এবং প্রত্যেকে পিতরকে দেখতে ইচ্ছুক। কর্ণেলীয় পিতরকে একজন বিশেষ অতিথি হিসাবে সেবা করতে চেয়েছিলেন কাজেই তিনি তাঁর সামনে নতজানু হয়েছিলেন। পিতর তাঁকে উঠে দাঁড়াতে বলেছিলেন কারণ একজন সাধারণ মানুষের সামনে নতজানু হওয়া ঠিক নয়। তারপর কর্ণেলীয় ব্যাখ্যা করেছিলেন যে ঈশ্বর তাঁকে বলেছিলেন পিতরকে নিয়ে আসতে। আপনি নির্দেশ করতে ইচ্ছা করতে পারেন যে ঈশ্বর তাঁদের দুজনকেই এই সাক্ষাতকারের জন্য প্রস্তুত করেছিলেন।<br>• পিতরের বার্তা। **(প্রেরিত ১০:৩৪-৪৩)** *ব্যাখ্যা করুন কিভাবে পিতর তাদের বলেছিলেন যে ঈশ্বর চান প্রতিটি জাতি থেকে লোকেরা যেন তাঁকে বিশ্বাস করে।*<br>• সত্যগুলির বিষয়ে কথা বলুন যা তিনি তাদের প্রভু যীশুর বিষয়ে বলেছিলেন — কিভাবে তিনি ভাল জিনিসগুলি করেছিলেন, লোকদের সুস্থ করেছিলেন, তাঁকে মেরে ফেলা হয়েছিল এবং ঈশ্বর দ্বারা মৃত থেকে জীবিত হয়ে উঠেছিলেন। প্রভু যীশু একদিন বিচারক হবেন কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় তিনি তাদের পাপের ক্ষমা দেন যারা এখন তাঁকে বিশ্বাস করে।<br>• শ্রোতাদের সাড়া। **(প্রেরিত ১০:৪৪-৪৮)** পিতর তাদের কি বলেছিলেন তা বুঝতে পবিত্র আত্মা এই লোকদের সাহায্য করেছিলেন। তারা যীশুকে বিশ্বাস করেছিল এবং তাদের পাপের ক্ষমা হয়েছিল।<br>• *ব্যাখ্যা করুন যে যখন আমরা প্রভু যীশুর বিষয়ে শুভ সংবাদ শুনি, তখন আমাদের তাঁর প্রতি সাড়া দেওয়া উচিত যেমন এই লোকেরা দিয়েছিল। তাঁকে বিশ্বাস করার দ্বারা আমরাও আমাদের পাপের ক্ষমা পেতে পারি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পিতর কর্ণেলীয়কে যীশুর বিষয়ে বলেন। |
| শিখুন | **প্রেরিত ১০:৪৩** — মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন। "যে কেউ" (যে কোন একজন) এবং "পাপমোচন" (ক্ষমা)-এর অর্থ ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | আরও কুইজে প্রশ্নগুলির বদলে বড় অক্ষরে মূল পদটি লিখে তা ঘুরে মুখমণ্ডলগুলির একটা কোলাজ তৈরী করার কটা ধারনা করা যেতে পারে। প্রতিটি শিশু তার (ছেলে/মেয়ে) ছবি আঁকতে পারে। এটা ঈশ্বরের ভালবাসার বিষয়ে সত্যটি পুনরায় জোর দিতে সাহায্য করবে যা পিতর শিখেছিলেন এবং তাদের বুঝতে সাহায্য করবে যে "যে কেউ"-এর মধ্যে ব্যক্তিগতভাবে তারাও আছে। বিকল্পভাবে ছেলেমেয়েরা পুরনো ম্যাগাজিন থেকে বিভিন্ন মুখগুলি কাটতে পারে যদি তা পাওয়া যায়।<br><br>**অভিনয় করুন:** ২নং গল্পে যেমন পরামর্শ দেওয়া হয়েছিল এটা অভিনয়ও করা যেতে পারে। |

## A৮ ৪র্থ গল্প
## পিতর উদ্ধার পান — এই গল্পটা ঈশ্বরের প্রার্থনার উত্তর দানের বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• পিতরের বন্ধুরা তাঁর জন্য প্রার্থনা করেছিলেন।<br>• আমাদের প্রার্থনার উত্তরে ঈশ্বর আশ্চর্য আশ্চর্য কাজ করা বেছে নিতে পারেন।<br><br>**মূল পদ : যাকোব ৫:১৬**<br>**বাইবেলের অংশ : প্ররিত ১২:১-১৮** |
| পরিচয় করান | • আমাদের বন্ধুদের সাথে কথা বলতে অথবা কোন একজনের কাছ থেকে সাহায্যের জন্য জিজ্ঞাসা করতে ফোন ব্যবহার করার বিষয়ে কথা বলুন। যদি সম্ভব হয় দৃশ্য উপকরণ হিসাবে একটা মোবাইল ফোন রাখুন।<br>• ঈশ্বরের সাথে কথা বলা হিসাবে প্রার্থনার মতবাদটি পুনরালোচনা করুন। ঈশ্বর আমাদের কথার উত্তরে কথা বলেন না কিন্তু তিনি সর্বদা শুনছেন। আমাদের প্রার্থনার উত্তর দিতে তাঁর ক্ষমতা আছে।<br>• আজকের গল্পে এক দল বন্ধু কোন গুরুত্বপূর্ণ কিছুর বিষয়ে প্রার্থনা করছিল। |
| শিক্ষা দিন | • পিতর কারাগারে। **(প্রেরিত ১২:১-৪)** হেরোদ রাজা যীশুর অনুসরণকারীদের ঘৃণা করতেন। যাকোবকে মেরে ফেলা হয়েছিল। তার কিছু সময় পর পিতরকে গ্রেপ্তার করা হয়েছিল এবং কারাগারে বন্দী করেছিল। পূর্বের সময়টি পুনরায় স্মরণ করুন যা পিতরের প্রতি ঘটেছিল। (প্রেরিত ৫ অধ্যায় : এ৭/৩নং গল্প)<br>• পিতরের বন্ধুদের প্রার্থনা। **(প্রেরিত ১২:৫)** *আলোচনা করুন এবং এটা করা সবচেয়ে ভাল জিনিস।*<br>• *কারাগার থেকে মুক্তি।* **(প্রেরিত ১২:৬-১০)** এটা ছিল পিতরের বিচারের আগের রাত *(ব্যাখ্যা করুন এই বিচারের ফলাফলটি কত গুরুত্বপূর্ণ হবে)* পিতর দুইজন সৈন্যের কাছে শিকল দিয়ে বাঁধা ছিলেন কিন্তু অঘোরে ঘুমিয়েছিলেন। প্রচুর নাটক এবং বিস্তারিত মনোযোগের সাথে বলুন কিভাবে পিতর স্বর্গদূত দ্বারা রক্ষা পেয়েছিলেন, যা কি ঘেটেছে তাতে বিস্ময় প্রকাশ করবে। পিতর নিশ্চিত অনুভব করেছিলেন তিনি স্বপ্ন দেখছিলেন।<br>• পিতর তাঁর বন্ধুদের গৃহে আছেন। একবার যখন পিতর রাস্তায় বেরিয়ে এসেছিলেন, তিনি বুঝেছিলেন যে ঈশ্বর তাঁকে উদ্ধার করেছেন। পিতর তখন কেমন অনুভব করেছিলেন? সোজাসুজি তিনি তাঁর বন্ধুদের বাড়ী গিয়েছিলেন। **(প্রেরিত ১২:১১-১৭)** দরজায় তার আঘাত রোদার উত্তর দেওয়া এবং তাদের প্রতিক্রিয়া বর্ণনা করুন। তাদের কি আশ্চর্য হওয়া উচিত হয়েছিল?<br>• *পরিস্থিতিগুলি আলোচনা করুন যেসবের বিষয় আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পারি। ঈশ্বর সর্বদা আমাদের প্রার্থনা শোনেন এবং সেইভাবে সেগুলির উত্তর দিবেন যেটা তিনি সবচেয়ে ভাল জানেন।*<br>• *তিনি যখন আমাদের প্রার্থনার উত্তর দেন তখন আমাদের ঈশ্বরকে ধন্যবাদ দিতে এবং প্রশংসা করতে মনে রাখা উচিত।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — কারাগার থেকে আশ্চর্যভাবে পিতরের উদ্ধার। |
| শিখুন | **যাকোব ৫:১৬ —** মূল পদটি শিক্ষা দিন এবং প্রয়োজনে তা ব্যাখ্যা করুন। এই পদটি আমাদের বলছে যে আমাদের প্রার্থনা প্রকৃতই একটা পার্থক্য তৈরী করে। ঈশ্বর তাঁর কাজ করতে আমাদের প্রার্থনাগুলি ব্যবহার করেন। |
| স্মরণে রাখুন | • কে পিতরকে কারাগারে দিয়েছিল?<br>• হেরোদ রাজা ইতিমধ্যে কাকে মেরে ফেলেছিলেন?<br>• ঈশ্বর যখন দূত পাঠিয়েছিলেন পিতর তখন কি করছিলেন?<br>• পিতরের বন্ধুরা কেন একসাথে জড় হয়েছিল?<br>• দূত পিতরকে কি করতে বলেছিলেন?<br>• কিভাবে পিতর কারাগারের ফটক পার হয়েছিলেন?<br>• তাঁদের ছাড়বার আগে দূত কতদূর পিতরের সাথে গিয়েছিলেন?<br>• তিনি কার বাড়ী গিয়েছিলেন?<br>• কে পিতরকে দরজায় পেয়েছিল?<br>• রোদা কেন প্রথমে দরজা খোলে নি?<br><br>**অভিনয় করুন:** সেই অংশটি যেখানে পিতর কারাগার পরিত্যাগ করেন তা জোড়া হিসাবে অভিনয় করা যেতে পারে একজন শিশু পিতর এবং অন্যজন দূত হিসাবে থাকবে। একজন বয়স্ক ব্যক্তি বর্ণনা যোগাতে পারেন যখন ছেলেমেয়েরা একসাথে কাজটি অনুসরণ করবে। |

## A৯ ১নং গল্প
## যাকোব তার ভাইকে প্রতারণা করে — এই গল্পটা স্বার্থপর হওয়ার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• স্বার্থপর হওয়ার অর্থ আপনার নিজেকে প্রথমে রাখা যদিও তা অপরকে আঘাত দেয়।<br>• যাকোবের মত, আমরা স্বার্থপর হতে পারি, কিন্তু তা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করা।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২৫:১৮ বা ফিলিপীয় ২:৩**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৫:১৯-৩৪** |
| পরিচয় করান | • তোমরা কি কোন যমজের কথা জানো? তারা কি ব্যক্তিত্ব এবং চেহারায় আলাদা না এক? তোমরা কি কখনও তোমাদের ভাই বা বোনদের সাথে মারামারি কর?<br>• স্বার্থপর হওয়ার অর্থ কি? তোমরা কি একটা সময়ে কথা চিন্তা করতে পার যখন কোন একজন যাকে তোমরা জান স্বার্থপরভাবে আচরণ করেছিল। আর তা তোমাদের আঘাত দিয়েছিল?<br>• এই গল্পটা দুই ভাইয়ের বিষয়ে যাদের মধ্যে বেশী বনিবনা হোত না। তাদের মধ্যে একজন কেবলমাত্র তার নিজের বিষয়ে ভাবত এবং তার ভাইকে ঠকিয়েছিল। |
| শিক্ষা দিন | • ইসহাক ও রিবিকা যমজের অপেক্ষা করছিল। যমজরা জন্মাবার আগেই, ঈশ্বর রিবিকাকে বলেছিলেন যে তার বড় ছেলে তার ছোট ছেলের দাস হবে। **(আদিপুস্তক ২৫:১৫-২৩)**<br>• যখন যমজরা জন্মগ্রহণ করেছিল তখন এটা পরিষ্কার হয়েছিল তারা খুব ভিন্ন হতে চলেছে। বড় ছেলে, এষৌ, প্রচন্ড লোমশ হয়েছিল কিন্তু তার ভাই, যাকোব, লোমহীন ছিল। **(আদিপুস্তক ২৫:২৪-২৫)** তারা বিভিন্ন জিনিসেও আনন্দ করত এষৌ খুব ভাল একজন শিকারী হয়েছিল কিন্তু যাকোব বাড়ীতে থাকতে পছন্দ করত। বাবা-মার প্রত্যেকের একজন প্রিয় ছেলে ছিল। ইসহাক এষৌকে ভালবাসত, কিন্তু রিবিকা যাকোবকে ভালবাসত। **(আদিপুস্তক ২৫:২৭-২৮)**<br>• একদিন যাকোব ভাল রান্না করছিল। এষৌ বাইরে শিকার করতে গিয়েছিল। দৃশ্যটি কল্পনা করতে ছেলেমেয়েদের সাহায্য করুন — এষৌ ক্লান্ত হয়েছিল এবং ভীষণ খিদে পেয়েছিল, এই সময় সুস্বাদু ডালের গন্ধ। এষৌর তখনই তা খেতে ইচ্ছা হয়েছিল! কিন্তু যাকোব খুব ছলনাকারী ছিল। শীঘ্রই, সে বলেছিল সে কেবলমাত্র তখনই তাকে ডাল খেতে দিবে যদি এষৌ তার জন্মাধিকার তাকে দেয়। জন্মাধিকারটি ব্যাখ্যা করুন। পরিবারে বড় ছেলে সাধারণত জন্মাধিকার পায়। এর অর্থ সে পরিবারের কর্তা হবে যখন তার বাবা মারা যাবে, সে তার বাবার সম্পত্তির দ্বিগুন অংশ-ও পাবে।<br>• এষৌর এত খিদে পেয়েছিল যে, সে চিন্তা করতে থামেনি। সে তার ভাইয়ের দ্বারা প্রতারিত হতে নিজেকে দিয়ে দিতে অধিকার দিয়েছিল এবং সামান্য ডালের জন্য তার জন্মাধিকার বিক্রী করেছিল। **(আদিপুস্তক ২৫:২৯-৩৪)** উভয় ছেলের কাজগুলি আলোচনা করুন। এষৌকে তার জন্মাধিকার থেকে বের করতে ঠকানো কি যাকোব ঠিক করেছিল? কেবলমাত্র এক বাটি ডালের জন্য তার মূল্যবান জন্মাধিকারটি বিক্রী করতে রাজী হওয়া কি এষৌর উচিত হয়েছিল?<br>• *আপনি কি মনে করেন ঈশ্বর যাকোব ও এষৌর উপর সন্তুষ্ট হয়েছিলেন?*<br>• *মাঝে মাঝে, ঠিক একেবারে এষৌ এবং যাকোবের মত আমরা কি চাই কেবলমাত্র সে বিষয়েই আমরা চিন্তা করি। যখন আমরা স্বার্থপর হই তখন আমরা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** bibleforchildren.org - Jacob. FBI — এষৌ যাকোবের কাছে তার জন্মাধিকার বিক্রী করে। |
| শিখুন | **আদিপুস্তক ২৫:২৮ অথবা ফিলিপীয় ২:৩** — মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • গল্পটিতে দুজন ছেলের নাম কি ছিল?<br>• কোন ছেলেটি বড় ছিল?<br>• দুইটা বিষয়ের নাম দিন যাতে ছেলেরা আলাদা ছিল।<br>• জন্মাধিকার কি ছিল?<br>• আপনি কেন মনে করেন যাকোব তার নিজের জন্য জন্মাধিকারটি চেয়েছিল?<br>• কিভাবে যাকোব এষৌকে ঠকিয়েছিল?<br>• এই গল্প থেকে আমরা কি শিক্ষা লাভ করতে পারি? |

## A৯ ২নং গল্প
## যাকোব তার বাবাকে প্রতারণা করে — যাকোব কিভাবে ঠকিয়েছিল সেবিষয়ে এই গল্পটা

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• রিবিকা এবং যাকোব ইসহাককে প্রতারণা করতে চেয়েছিল।<br>• ঠকানো এবং মিথ্যা কথা বলা ঈশ্বরের দৃষ্টিতে ভুল।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২৭:২০ অথবা গীতসংহিতা ৩২:২**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৭:১-২৯** |
| পরিচয় করান | • মিথ্যা কথা বলার অর্থ কি?<br>• এই গল্পে যাকোব তার বাবাকে মিথ্যা কথা বলে। তার মিথ্যা কথা তার বাবা এবং দাদাকে প্রচন্ড আঘাত করে।<br>• তুমি কি অন্য কোন গল্পগুলি জান যেখানে কোন একজন মিথ্যা বলেছিল এবং অন্য ব্যক্তিকে আঘাত দিয়েছিল? |
| শিক্ষা দিন | • ইসহাক তখন বৃদ্ধ এবং অন্ধ হয়েছিলেন। তিনি মারা যাবার আগে, তিনি তাঁর সবচেয়ে বড় ছেলে এষৌকে আশীর্বাদ করতে চেয়েছিলেন। তিনি এষৌকে তাঁর জন্য এক বিশেষ খাবার তৈরী করতে বলেছিলেন। **(আদিপুস্তক ২৭:১-৪)** *ব্যাখ্যা করুন যে বাইবেলের সময়ে একজন বাবা মারা যাবার আগে তাঁর সবচেয়ে বড় ছেলেকে আশীর্বাদ দিবেন।*<br>• রিবিকা শুনতে পেয়েছিল যে ইসহাক এষৌকে আশীর্বাদ করতে যাচ্ছেন। সে এবং যাকোব একটা পরিকল্পনার কৌশল করেছিল যেন পরিবর্তে যাকোবকে আশীর্বাদ করতে ইসহাককে ফাঁদে ফেলতে পারে। কাজেই রিবিকা এক বিশেষ খাবার রান্না করেছিল এবং ছাগলের চামড়া দিয়ে যাকোবের হাত ঢেকে দিয়েছিল যেন সে এষৌর মত, লোমশ হয়। **(আদিপুস্তক ২৭:৫-১৭)** *ছেলেমেয়েদের মনে করিয়ে দিন যে প্রতিটি বাবা-মার একজন প্রিয় ছেলে ছিল। রিবিকার প্রিয় ছেলে ছিল যাকোব এবং ইসহাকের ছিল এষৌ। তারা প্রত্যেকে চেয়েছিল তাদের প্রিয় ছেলে যেন আশীর্বাদটা পায়। বাড়ীতে বা স্কুলের প্রসঙ্গে পক্ষপাতিত্বের একটা উদাহরণ দিন যা ছেলেমেয়েরা অন্যায্য হওয়ার সাথে চিনবে।*<br>• যাকোব বিশেষ খাবারটি ইসহাকের কাছে এনেছিল। সে ইসহাককে মিথ্যা বলেছিল এবং এষৌ হয়ে ভান করেছিল। ইসহাক অবাক হয়েছিলেন যে এষৌ এত তাড়াতাড়ি এই সুস্বাদু খাদ্যটি আনতে সক্ষম হয়েছিল। **(আদিপুস্তক ২৭:১৮-২০)** *তোমরা কি মনে কর রিবিকা এবং যাকোব ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল? কেন? কেন নয়?*<br>• ইসহাকের তখনও সন্দেহ ছিল। একি সত্যিই এষৌ? তিনি নিশ্চিত হতে চেয়েছিলেন তাই তিনি যাকোবের হাতের লোম অনুভব করতে চেয়েছিলেন। হ্যাঁ .... হাতটা এষৌর মত অনুভব করেছিলেন কিন্তু স্বরটি ছিল যাকোবের মত। ইসহাক হতভম্ব হয়েছিলেন। তাই যাকোব আবার মিথ্যা বলেছিল এবং তার বাবাকে বলেছিল যে সে এষৌ। **(আদিপুস্তক ২৭:২১-২৪)**<br>• ইসহাক সেই খাবারটি খেয়েছিলেন যা যাকোব তার কাছে এনেছিল। যখন তিনি শেষ করেছিলেন, তিনি যাকোবকে আশীর্বাদ করেছিলেন, ভেবেছিলেন যে তিনি এষৌকে আশীর্বাদ করছিলেন। **(আদিপুস্তক ২৭:২৫-২৯)** *তোমরা কি মনে কর ইসহাক যখন জানতে পারবেন যে যাকোব তাঁর কাছে মিথ্যা বলেছে তখন তিনি কেমন অনুভব করবেন?*<br>• *আপনারা কেন মনে করেন যে ঈশ্বর আমাদের মিথ্যা না বলতে আদেশ করেছিলেন?*<br>• *প্রভু যীশুর উদাহরণটি চিন্তা করুন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** bibleforchildren.org - Jacob. FBI — যাকোব ইসহাককে ঠকায়। |
| শিখুন | **আদিপুস্তক ২৭:২০ বা গীতসংহিতা ৩২:২** — মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজনে ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • কে ইসহাকের প্রিয় পুত্র ছিল?<br>• কে রিবিকার প্রিয় পুত্র ছিল?<br>• ইসহাক মারা যাবার আগে এষৌকে কি করতে চেয়েছিলেন?<br>• রিবিকা কি চেয়েছিল যে এষৌ আশীর্বাদটা পায়? কেন নয়?<br>• কিভাবে যাকোব এবং রিবিকা ইসহাককে ফাঁদে ফেলেছিল?<br>• কিভাবে ইসহাক জানতে পারেননি যে আসলে যাকোব ছিল?<br>• আপনি কি মনে করেন এই গল্পটিতে যাকোব এবং রিবিকা ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল? কেন নয়? |

## A৯ ৩নং গল্প
## যাকোবের সাথে ঈশ্বরের সাক্ষাত — এই গল্পটা ঈশ্বরের চিন্তার বিষয় বলে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• আমরা ঈশ্বরকে বিশ্বাস করতে পারি কারণ তিনি সর্বদা তার প্রতিজ্ঞাগুলি রক্ষা করেন।<br>• ঈশ্বর আমাদের জন্য চিন্তা করেন।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২৮:১৬ বা গীতসংহিতা ৮৬:১১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৮:১-২২** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের মনে করিয়ে দিন আগের গল্পে কিভাবে যাকোব এষৌর সাথে প্রতারণা করেছিল। এষৌ ভীষণ রেগে গিয়েছিল এবং যাকোবকে মেরে ফেলার পরিকল্পনা করেছিল। যাকোব কিছু দিনের জন্য বাড়ী ছেড়ে চলে যাবার সিদ্ধান্ত নিয়েছিল।<br>• ছেলেমেয়েদের কল্পনা করতে বলুন যে তারা যাকোব। তারা কেমন অনুভব করবে যদি তাদের এইভাবে বাড়ী ছেড়ে চলে যেতে হয়।?<br>• ছেলেমেয়েদের কাছে ব্যাখ্যা করুন যে যদিও যাকোব ভুল কাজ করেছিল, ঈশ্বর তবুও তার বিষয়ে চিন্তা করেছিলেন এবং তাকে ভালবেসেছিলেন। আজ আমাদের গল্পটি আমাদের বলে যে কিভাবে ঈশ্বর নিজেকে যাকোবের কাছে দেখিয়েছিলেন। |
| শিক্ষা দিন | • ইসহাক যাকোবকে আশীর্বাদ করেছিলেন এবং তাকে নির্দেশ দিয়েছিলেন বাড়ী পরিত্যাগ করতে এবং হারণে তার মামা লাবণের পরিবারে যেতে। সেখানে, তাকে নিজের জন্য স্ত্রী খুজতে হয়েছিল **(আদিপুস্তক ২৮:১-৫)**<br>• তার যাত্রাপথে, রাতের জন্য বিশ্রাম করতে তাকে থামতে হয়েছিল। সে তার বালিশের জন্য একটা পাথর ব্যবহার করেছিল। কল্পনা করুন তা কিসের মত হবে! যখন সে ঘুমিয়েছিল, সে একটা স্বপ্ন দেখেছিল যে একটা মই পৃথিবী থেকে স্বর্গে পৌঁছেছে। ঈশ্বরের দূতরা তা দিয়ে উপরে যাচ্ছে এবং নীচে নামছে। **(আদিপুস্তক ২৮:১০-১২)**<br>• ঈশ্বর মইটার উপরে দাঁড়িয়ে আছেন। তিনি যাকোবকে বলছিলেন যে তিনি তাকে আশীর্বাদ করবেন এবং বহু বংশ দিবেন। ঈশ্বর যাকোবের সাথে থাকবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন। একদিন ঈশ্বর যাকোবকে আবার বাড়ীতে ফিরিয়ে আনবেন। **(আদিপুস্তক ২৮:১৩-১৫)** *প্রতিজ্ঞা কি আলোচনা করুন। আমরা কি সবসময় আমাদের প্রতিজ্ঞা রক্ষা করি? কেন না? শিশুদের কাছে ব্যাখ্যা করুন যে ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞাগুলি পূর্ণ করেন। তিনি সর্বশক্তিমান এবং তিনি মিথ্যা বলেন না।*<br>• যাকোব যখন ঘুম থেকে উঠেছিল তখন সে জানত যে ঈশ্বর সেই জায়গায় ছিলেন। *ঈশ্বর সেখানে তার সাথে আছেন সেই চিন্তাটিতে যাকোব কতটা ভয় পেয়েছিল তা ব্যাখ্যা করুন। যাকোব প্রচুর ভুল কাজ করেছিল যা ঈশ্বরকে সন্তুষ্ট করছিল না। কিন্তু ঈশ্বর তবুও তার জন্য চিন্তা করেছিলেন।* তারপর সে সেই পাথরটা নিয়েছিল যা সে তার বালিশ হিসাবে ব্যবহার করেছিল এবং তার উপর তেল ঢেলেছিল। সে জায়গাটির নাম দিয়েছিল বেথেল। যাকোব প্রতিজ্ঞা করেছিল যে ঈশ্বর যদি তার সাথে থাকেন এবং তার বাড়ীতে ফিরিয়ে আনেন, তবে প্রভু তার ঈশ্বর হবেন। **(আদিপুস্তক ২৮:১৬-২২)** যাকোবের তখনও জানার প্রয়োজন ছিল যে ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞাগুলি রক্ষা করেন।<br>• *আমরাও যাকোবের মত কারণ আমরা মন্দ কাজগুলি করেছি। ঈশ্বর আমাদের প্রত্যেককে ভালবাসেন এবং আমাদের জন্য চিন্তা করেন, ঠিক যেমন তিনি যাকোবকে ভালবেসেছিলেন। ব্যাখ্যা করুন যে তিনি আমাদের জন্য তাঁর ছেলেকে ক্রুশের উপর মরতে দিয়েছিলেন। প্রভু যীশু "একটা মইয়ের" মত যা আমাদের ঈশ্বরের কাছে নিয়ে যায়, স্বর্গে আমাদের বাড়ীতে আমাদের নিয়ে যায়।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** bibleforchildren.org - Jacob. FBI — ঈশ্বর স্বপ্নের মধ্যে যাকোবের সাথে কথা বলেন। |
| শিখুন | **আদিপুস্তক ২৮:১৬ অথবা গীতসংহিতা ৮৬:১১** — মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজনে ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • যাকোবকে কেন বাড়ী পরিত্যাগ করতে হয়েছিল?<br>• বালিশ হিসাবে যাকোব কি ব্যবহার করেছিল?<br>• যাকোব তার স্বপ্নের মধ্যে কি দেখেছিল?<br>• স্বপ্নের মধ্যে ঈশ্বর যাকোবকে কি বলেছিলেন?<br>• ঈশ্বর কি যাকোবের জন্য চিন্তা করেছিলেন যদিও সে অতীতে ভুল কাজগুলি করেছিল?<br>• কিভাবে আমরা জানি যে ঈশ্বর আমাদের জন্য চিন্তা করেন?<br>• পাথরটা নিয়ে যাকোব কি করেছিল?<br>• কিভাবে প্রভু যীশু একটা মইয়ের মত? |

## A৯ ৪নং গল্প

## যাকোব স্ত্রী পায় — যাকোব কিভাবে তার মামার দ্বারা পরিচালিত হয়েছিল সেই বিষয়ে এই গল্পটা

**আমরা শিখছি যে :**

- প্রতারণাকারী যাকোব, নিজেকেই প্রতারিত করেছিল।
- লোকের সাথে আমাদের সেইভাবে আচরণ করা উচিত যেমন আমরা চাই।

**মূল পদ : আদিপুস্তক ২৯:২৮ অথবা গালাতীয় ৬:৭**
**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৯:১-৩০**

### পরিচয় করান

- তোমরা কি কখনও এমন পরিবারের সাথে থাকতে গিয়েছ যাদের সাথে আগে কখনও দেখা হয় নি? অনুভূতিটি কেমন ছিল? অথবা আপনার নিজের অভিজ্ঞতাটি থেকে এক প্রাসঙ্গিক ঘটনা বলতে পারেন। ছেলেমেয়েদের মনে করিয়ে দিন যে যাকোব হারণে তার মামা লাবণের সাথে থাকতে যাচ্ছিল।
- গল্পটিতে নতুন চরিত্রগুলি, লাবণ এবং তার দুই মেয়ে, লেয়া ও রাহেল-এর পরিচয় করিয়ে দিন।
- এই গল্পে যাকোব আবিষ্কার করেছিল একজন প্রতারিত হওয়ার অনুভূতিটি কি রকম।

### শিক্ষা দিন

- যাকোব হারণের দিকে তার যাত্রাপথে ছিল। তার যাত্রার শেষে তার সাথে কয়েকজন মেষপালকের একটা কূয়োর ধারে দেখা হয়েছিল। তারা তার মামা লাবনকে চিনত। **(আদিপুস্তক ২৯:১-৮)**
- লাবনের মেয়ে, রাহেল, তার ভেড়াগুলো নিয়ে কূয়োর কাছে এসেছিল। কূয়োর উপর থেকে পাথরটি সরিয়ে দেবার দ্বারা ভেড়াদের জন্য জল তুলতে যাকোব তাকে সাহায্য করেছিল। **(আদিপুস্তক ২৯:৯-১০)**
- যাকোব কে ছিল তা সে রাহেলকে বলেছিল। সে তার বাবাকে বলতে দৌড়ে বাড়ী গিয়েছিল এবং লাবন তার সাথে থাকতে যাকোবকে আমন্ত্রণ জানিয়েছিল। **(আদিপুস্তক ২৯:১১-১৪)** কথাবার্তাগুলির মধ্যে কয়েকটি কল্পনা করতে চেষ্টা করুন যা হয়ত তাদের মধ্যে হয়েছিল।
- যাকোব লাবনের জন্য কাজ করতে শুরু করেছিল। তার স্ত্রী হিসাবে রাহেলকে পাবার পরিবর্তে যাকোবকে লাবনের জন্য সাত বছর কাজ করতে হয়েছিল। সে তা করতে ইচ্ছুক হয়েছিল কারণ সে রাহেলকে ভালবেসেছিল। **(আদিপুস্তক ২৯:১৫-২০)**
- কিন্তু তারপর লাবণ যাকোবকে ঠকিয়েছিল। রাহেলকে দেবার পরিবর্তে, সে তার স্ত্রীর জন্য লেয়াকে দিয়েছিল। **(আদিপুস্তক ২৯:২১-২৭)** তোমাদের কি কেমনে হয় যাকোব কেমন অনুভব করেছিল যখন সে জানতে পেরেছিল যে তাকে ঠকানো হয়েছে? ছেলেমেয়েদের উপায়গুলি মনে করতে বলুন যেভাবে যাকোব অন্যদের ঠকিয়েছিল।
- *যাকোব রাহেলকেও বিয়ে করেছিল কিন্তু তারপর তাকে আরও সাত বছরের জন্য কাজ করতে হয়েছিল।* **(আদিপুস্তক ২৯:২৯-৩০)** *এটা মনে হয় যে লাবন যাকোবের সবচেয়ে ভালটা নিয়েছিল।*
- *আপনি কি মনে করেন যাকোব যখন অন্য লোকদের ঠকিয়েছিল সেই সময়ের জন্য সে হয়ত দুঃখিত হয়েছিল?*
- *কেউ কেউ বলতে পারে যাকোব যা পাওয়ার যোগ্য ছিল তাই পেয়েছিল। ছেলেমেয়েরা এই বিষয়ে কি চিন্তা করে তা আলোচনা করুন।*

**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**

**দেখান :** bibleforchildren.org - Jacob. FBI — যাকোব তার বিয়েতে প্রতারিত হয়।

### শিখুন

**আদিপুস্তক ২৯:২৮ অথবা গালাতীয় ৬:৭ —** মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন।

### স্মরণে রাখুন

- লাবণ কোথায় বাস করত?
- লাবনের দুই মেয়ের নামগুলি কি কি ছিল?
- যাকোব যখন হারণে পৌঁছেছিল তখন কিভাবে রাহেলকে সাহায্য করেছিল?
- কোন মেয়েটাকে যাকোব ভালবেসেছিল?
- যাকোব কতদিন কাজ করবে বলেছিল, যদি সে রাহেলকে বিয়ে করত?
- কিভাবে লাবন যাকোবকে ঠকিয়েছিল।

## A১০ ১নং গল্প

## স্তিফান যীশু খ্রীষ্টের জন্য মারা যান — প্রভু যীশুর জন্য স্তিফানের মহান ভালবাসার বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• স্তিফান ঈশ্বরকে ভালবাসতেন এবং তাঁর শত্রুদেরও ভালবাসতেন।<br>• যীশু স্তিফানের সঙ্গে ছিলেন যখন তাঁকে পাথর মারা হচ্ছিল এবং স্বর্গে তাঁর জন্য অপেক্ষা করছিলেন।<br><br>**মূল পদ : ১ যোহন ৪:১৯**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৬:৮-১৫, ৭:৫৪-৬০** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের সেই সময়গুলির বিষয়ে জিজ্ঞাসা করুন যখন তারা অন্যদের সাহায্য করেছিল।<br>• তুমি যদি কাউকে সাহায্য করতে চেষ্টা করেছিলে এবং তারা তোমার সাহায্য চায় নি তখন কেমন অনুভূতি হয়েছিল? যদি তারা তোমাকে খারাপ নামে ডাকত অথবা এমন কি তোমাকে আঘাত করতেও চেষ্টা করত তখন কি হোত?<br>• বাইবেল থেকে আজকের গল্পটি এক ব্যক্তির বিষয়ে যিনি অন্যদের সাহায্য করেছিলেন। দেখা যাক তারা তাঁর সাথে কেমন ব্যবহার করেছিল। |
| শিক্ষা দিন | • স্তিফান প্রভু যীশুকে ভালবাসতেন। তিনি আশ্চর্য আশ্চর্য কাজ করেছিলেন যা লোকদের সাহায্য করেছিল কিন্তু কিছু যিহুদী লোক তাঁকে বা যীশুকে পছন্দ করে নি। তারা তাঁকে আঘাত করতে এবং যীশু মানুষের জন্য মরেছিলেন সে বিষয়ে তাদের বলা তাকে বন্ধ করতে তারা গোপনে সিদ্ধান্ত নিয়েছিল। **(প্রেরিত ৬:৮-১১)**<br>• এই লোকেরা স্তিফানের বিষয়ে মিথ্যা বলেছিল এবং লোকদের তাঁর বিরুদ্ধে নিয়ে গিয়েছিল,তাঁকে নিয়ে কি করা হবে সেই সিদ্ধান্ত নিতে তাঁকে কোর্টে এনেছিল। তাদের এমন কি সাক্ষীরাও ছিল সেই জিনিসগুলির বিষয়ে মিথ্যা বলতে যা স্তিফান বলছিলেন। **(প্রেরিত ৬:১২-১৫)** *আপনি যদি স্তিফান হতেন তবে কেমন অনুভব করতেন?*<br>• এমন কি যদিও স্তিফানের বিষয়ে এবং যীশুর বিষয়ে মিথ্যা বলা চলছিল, তথাপি স্তিফান রাগ করেন নি। লোকেরা দেখতে পেয়েছিল যে যীশু তাঁর সাথে ছিলেন — প্রকৃতপক্ষে তাঁর মুখ দেখতে একজন স্বর্গদূতের মত ছিল। **(প্রেরিত ৬:১৫)** স্তিফান যীশুর পক্ষসমর্থন করেছিলেন কিন্তু তা কেবলমাত্র লোকদের আরও রাগিয়ে তুলেছিল। **(প্রেরিত ৭:৫৪)** ভীত হওয়ার পরিবর্তে, স্তিফান উপরে স্বর্গের দিকে তাকিয়েছিলেন এবং দেখেছিলেন যীশু সেখানে তাঁর জন্য অপেক্ষা করছিলেন। **(প্রেরিত ৭:৫৫-৫৬)** *স্তিফান কেমন অনুভব করেছিলেন যখন তিনি যীশুকে দেখেছিলেন?*<br>• লোকেরা এবার স্তিফানের উপর প্রচন্ড রেগে গিয়েছিল এবং আর কোন কিছু শোনা প্রত্যাহার করেছিল। তারা স্তিফানকে শহরের বাইরে নিয়ে গিয়েছিল এবং তাঁকে মারার জন্য তাঁর দিকে বড় বড় পাথর ছুঁড়েছিল। যখন তারা এটা করেছিল, স্তিফান তখন প্রার্থনা করেছিলেন যীশু যেন তাঁর আত্মাকে গ্রহণ করেন এবং লোকেরা তাঁর প্রতি যা করছিল তার জন্য যেন তাদের ক্ষমা করেন। তারপর তিনি মারা যান। **(প্রেরিত ৭:৫৭-৬০)**<br>• *"স্তিফান মারা যাবার আগে তিনি তাঁর শত্রুদের জন্য যীশুকে কোনকিছু করতে বলেছিলেন — আপনি কি মনে করেন কেন তিনি তা করেছিলেন?*<br>• *আমরা যে খারাপ কাজগুলি করি তার জন্য আমরা কিভাবে ক্ষমা পেতে পারি?*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — স্তিফান শহীদ হন। |
| শিখুন | **১ যোহন ৪:১৯ —** মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। প্রভু যীশুর জন্য স্তিফানের ভালবাসাটি তার দ্বারা দেখান হয়েছিল যেভাবে তিনি তাঁর জন্য মরতে ইচ্ছুক হয়েছিলেন এটা ব্যাখ্যা করুন। প্রভু যীশু ইতিমধ্যে ক্রুশে মারা যাবার দ্বারা স্তিফানের জন্য তাঁর ভালবাসা দেখিয়েছিলেন। |
| স্মরণে রাখুন | • স্তিফান মণ্ডলীর একজন সাহায্যকারী ছিলেন। কিভাবে তিনি সাহায্য করেছিলেন?<br>• প্রত্যেকে কি স্তিফানকে পছন্দ করত? কেন নয়?<br>• কিভাবে যিহুদী লোকেরা স্তিফানের বিরুদ্ধে মানুষদের নিয়েছিল?<br>• কিভাবে স্তিফান প্রতিক্রিয়া করেছিলেন যখন তাঁর এবং যীশুর বিষয়ে মিথ্যা বলা হয়েছিল?<br>• স্তিফান কি দেখেছিলেন যখন তিনি উপরে স্বর্গের দিকে তাকিয়েছিলেন?<br>• লোকেরা স্তিফানের প্রতি কি করেছিল?<br>• স্তিফান কি প্রার্থনা করেছিলেন?<br>• কিভাবে আমরা ক্ষমা পেতে পারি? |

## A১০ ২নং গল্প
## ফিলিপ শুভ সংবাদটি বলেন — একজন আফ্রিকাবাসী প্রভু যীশুতে বিশ্বাস করার বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• আমাদের পাপের ক্ষমা পেতে আমাদের প্রভু যীশুতে বিশ্বাস করা প্রয়োজন।<br>• ঈশ্বরের বাক্য, বাইবেলে দুরূহ অংশ বুঝতে ঈশ্বর আমাদের সাহায্য করেন।<br><br>**মূল পদ : প্রেরিত ৮:৩৫**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৮:২৬-৪০** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের বলুন একটা মরুভূমি কি? তা দেখতে কেমন? তার অনুভূতিটি কিসের মত? তোমাকে যদি একজন আগন্তুকের সাথে দেখা করতে মরুভূমিতে যেতে বলা হয়, তুমি কি যাবে?<br>• অথবা একটা সময়ের কথা মনে করতে পার যখন তুমি কোনকিছু বুঝতে কঠিন মনে করেছিলে যেমন একটা বই, একটা অঙ্ক? কে তোমাকে সাহায্য করেছিল? |
| শিক্ষা দিন | • ফিলিপ যীশুকে বিশ্বাস করেছিলেন এবং নগরে ও শহরে যীশুর বিষয়ে শুভ সংবাদ প্রচার করতেন। একদিন এক স্বর্গদূত তাকে একটা রাস্তায় যেতে বলেছিলেন যা মরুভূমির মধ্য দিয়ে গিয়েছিল। *(এ বিষয়ে ফিলিপ কি চিন্তা করতে পেরেছিলেন?)* ব্যাখা করুন কিভাবে ফিলিপ একটা রথ তাঁর দিকে আসতে দেখেছিলেন। এটা দেখা গিয়েছিল ইথিওপিয়া থেকে একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি যিনি তাঁর বাড়ীর পথে ছিলেন। (এটা কোথায় ব্যাখ্যা করুন) **(প্রেরিত ৮:১৬-২৬)** *আপনি কি মনে করেন ইথিওপিয়ার লোকটির কার বিষয়ে শোনার প্রয়োজন ছিল?*<br>• তারপর পবিত্র আত্মা ফিলিপকে লোকটির কাছে যেতে বলেছিলেন। তিনি জোরে জোরে যিশাইয় থেকে পড়ছিলেন, যা পুরাতন নিয়মের একটি বই। ফিলিপ জিজ্ঞাসা করেছিলেন তিনি তা বুঝেছেন কি না কিন্তু লোকটি হতভম্ব হয়েছিলেন। **(প্রেরিত ৮:২৯-৩১)** *পদগুলির মধ্যে একটিতে কোন একজনের বিষয়ে ছিল যিনি একটি মেষশাবকের মত বলি হবেন। (ব্যাখ্যা করুন যে একটা মেষশাবককে যখন হত্যা করার জন্য নেওয়া হয় তখন তা কোন ঝামেলা করে না।) ফিলিপ ব্যাখ্যা করেছিলেন সেই পদগুলি যা আমাদের পাপের জন্য ক্রুশের উপর প্রভু যীশুর মৃত্যুর বিষয়ে বলে। (মরতে যীশুর ইচ্ছাটি ব্যাখ্যা করুন)*<br>• ইথিওপিয়াবাসী লোকটি তখন বুঝেছিলেন যে তিনি পাপ করেছিলেন এবং তাঁর ঈশ্বর দ্বারা ক্ষমা পাওয়ার প্রয়োজন ছিল। অপেক্ষা না করে, তিনি বিশ্বাস করেছিলেন যে খ্রীষ্ট তাঁর জন্য মরেছিলেন। **(প্রেরিত ৮:৩১-৩৫)**<br>• ফিলিপ এটা দেখাতে তাঁকে বাপ্তিষ্ম দিয়েছিলে যে তিনি একজন যীশুর অনুসরণকারী *(বাপ্তিষ্মটি ব্যাখ্যা করুন)। পরিবর্তন এবং আনন্দটি জ্ঞাপন করুন যা তাঁর জীবনে এসেছিল।*<br>• পবিত্র আত্মা যীশুর বিষয়ে অন্যদের বলতে ফিলিপকে সরিয়ে নিয়েছিলেন। **(প্রেরিত ৮:৩৬-৪০)**<br>• *ঈশ্বর চান সকলে যেন জানে যে যীশু তাদের পাপের জন্য ক্রুশে মরেছিলেন। সেইসব লোকদের বিষয়ে কথা বলুন যারা বাইবেল কি সেই বিষয়ে জানতে আমাদের সাহায্য করে। আমাদের কৃতজ্ঞ হওয়া উচিত যে আমরা যীশুর বিষয়ে শুভ সংবাদটি শুনেছি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — ফিলিপ এবং ইথিওপিয়ার রাজকর্মচারী। |
| শিখুন | **প্রেরিত ৮:৩৫ —** মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • স্বর্গদূত ফিলিপকে কোথায় যেতে বলেছিলেন?<br>• ব্যাক্তিটি কোন্ দেশ থেকে এসেছিল?<br>• ফিলিপ কেন তাঁর কাছে গিয়েছিলেন?<br>• পড়ার বিষয়টি কি ছিল?<br>• ফিলিপ যখন সেই ব্যক্তিকে যীশুর বিষয়ে ব্যাখ্যা করেছিলেন তখন তিনি কি করেছিলেন?<br>• কোথায় তিনি বাপ্তিষ্ম নিয়েছিলেন?<br>• সে কেমন অনুভব করেছিল যখন সে বাড়ীর দিকে যাত্রা করেছিল?<br>• কিভাবে আমরা আমাদের পাপের ক্ষমা পেতে পারি? |

# A১০ ৩নং গল্প
## শৌল ও উজ্জ্বল আলো — জীবনগুলি পরিবর্তন করতে ঈশ্বরের ক্ষমতার বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যীশু প্রত্যেককে ভালবাসেন এবং প্রত্যেকের জন্য মরেছিলেন, এমন কি সেই লোকদের জন্যও যারা তাঁকে ঘৃণা করে।<br>• কেবলমাত্র প্রভু যীশুরই ক্ষমতা আছে আমাদের জীবন পরিবর্তন করতে।<br><br>**মূল পদ : ২ করিন্থীয় ৫:১৭**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৯:১-৯** |
| পরিচয় করান | • শৌল একজন যিহুদী ছিলেন যিনি যীশুকে ঘৃণা করতেন। তিনি সেই সব লোকদের এত বেশী ঘৃণা করতেন যারা যীশুকে অনুসরণ করত সেই সব লোকদের তিনি এত বেশী ঘৃণা করতেন যে তিনি দেখতে চেয়েছিলেন তাদের হত্যা করা হয়েছে। ব্যাখ্যা করুন কিভাবে তিনি সেখানে ছিলেন যেখানে স্তিফানকে পাথর মারা হয়েছিল। (১ নং গল্প)<br>• ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন তারা শৌলকে তাদের বন্ধু হিসাবে পেতে ইচ্ছাকরে কি না" কেন/কেন নয়? |
| শিক্ষা দিন | • একদিন শৌল খ্রীষ্টানদের খুঁজতে এবং তাদের কারাগারে ঢুকাবার জন্য দামাস্কাস নামে একটা শহরের উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন। **(প্রেরিত ৯:১-২)** *সেখানে যাবার পথে শৌলের অনুভূতি এবং মনোভাবগুলি আলোচনা করুন।*<br>• যখন তিনি দামাস্কাসে এসেছিলেন তখন হঠাৎ তিনি তার চারিপাশে এক উজ্জ্বল আলো দেখতে পেয়েছিলেন এবং তিনি মাটিতে পড়ে গিয়েছিলেন। *শব্দগুলি ব্যবহার করুন যা তাঁকে বলা হয়েছিল এবং তাঁর উত্তর। ব্যাখ্যা করুন তখন শৌল কেমন অনুভব করেছিলেন।* **(প্রেরিত ৯:৩-৪)**<br>• স্বরটি উত্তর দিয়েছিল যে তিনি যীশু। *ব্যাখ্যা করুন এবার শৌল কি বুঝেছিলেন — যীশু ঈশ্বরের পুত্র, তিনি জীবিত, যীশুর বিষয়ে তাঁর চিন্তাগুলি সব ভুল ছিল!* যীশু তাঁকে দামাস্কাস শহরে যেতে বলেছিলেন যেখানে তাঁকে বলা হবে কি করতে হবে। শৌলের সাথে লোকেরা অবাক হয়েছিল যখন তারা স্বরটি শুনেছিল কিন্তু কাউকে দেখতে পায় নি। **(প্রেরিত ৯:৫-৭)**<br>• শৌল যখন উঠলেন তখন তিনি অন্ধ হয়েছিলেন এবং শহরের ভিতরে চালিত করতে হয়েছিল। তিন দিন তিনি অন্ধ ছিলেন এবং কোন কিছুই খান নি বা পান করেন নি। **(প্রেরিত ৯:৮-৯)**। *তিনি অন্ধ হওয়ায় কেমন অনুভব করেছিলেন বলে আপনার মনে হয়?*<br>• *প্রভু যীশু কেন এই প্রকারে শৌলের সাথে সাক্ষাত করেছিলেন তা আলোচনা করুন। ছেলেমেয়েদের মনে করিয়ে দিন শৌল যীশু এবং তাঁর অনুগামীদের ঘৃণা করতেন। তিনি দেখতে চেয়েছিলেন তাদের সকলকে হত্যা করা হয়েছে কিন্তু যীশু তাঁকে ভালবাসতেন এবং চেয়েছিলেন যেন তিনিও তাঁর অনুগামী হন এমনকি যদিও তিনি তা হওয়ার জন্য যোগ্য ছিলেন না। প্রভু যীশু তাঁর জীবনটা সম্পূর্ণ পরিবর্তন করতে চেয়েছিলেন।*<br>• *আমাদের পাপ নিয়ে যেতে এবং এক নতুন জীবন নিয়ে বাস করতে আমাদের ক্ষমতা দিতে আমাদের প্রভু যীশুকে প্রয়োজন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — শৌলের পরিবর্তন। |
| শিখুন | **২ করিন্থীয় ৫:১৭**— মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন, শৌলের পুরনো জীবনের সাথে সম্পর্কযুক্ত করে এবং সত্যটি এই যে যখন আমরা "খ্রীষ্টেতে" থাকি তখনই আমাদের জীবন পরিবর্তিত হয় এবং নতুন তৈরী হয়। |
| স্মরণে রাখুন | • শৌল কোথায় যাচ্ছিলেন?<br>• কেন তিনি এই যাত্রায় যাচ্ছিলেন?<br>• তিনি কি দেখেছিলেন?<br>• তিনি কি শুনেছিলেন?<br>• স্বরটি কি বলেছিল?<br>• শৌল কি বুঝতে পেরেছিলেন যখন তিনি জেনেছিলেন যে ইনি যীশু যিনি তাঁর সঙ্গে কথা বলছিলেন?<br>• তিন দিনের জন্য শৌলের কি ছিল না?<br>• একমাত্র ব্যক্তি কে যিনি এক নতুন জীবনে বাস করতে আমাদের ক্ষমতা দিতে পারেন? |

## A১০ ৪নং গল্প

## শৌল একজন পরিবর্তিত ব্যক্তিতে পরিণত হন — কিভাবে ঈশ্বর অন্যদের কাছে বলতে শৌলকে ব্যবহার করেছিলেন সেই বিষয়ে এই গল্প।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর আমাদের সাহায্য করতে চান এবং যখন আমাদের তা প্রয়োজন তখন আমাদের কাছে লোকদের পাঠান।<br>• শৌলের মত ঈশ্বর আজ মানুষের জীবন পরিবর্তন করেন এবং তিনি তাদের তার জন্য প্রয়োজনীয় তৈরী করেন।<br><br>**মূল পদ : প্রেরত ৯:২০**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ৯:১০-২৩** |
| পরিচয় করান | • শৌলের গল্পের প্রথম অংশটা পুনরালোচনা করুন — তোমাদের মনে আছে "পুরনো" শৌল কেমন ছিল? যীশুর অনুগামীরা যারা দামাস্কাসে বাস করত তারা "পুরনো" শৌলের বিষয়ে কেমন অনুভব করেছিল? (ভীত....)<br>• ঈশ্বরের প্রয়োজন ছিল তাদের প্রস্তুত করা যেন তারা নতুন শৌলকে তাঁর পরিবারের একজন হিসাবে গ্রহণ করতে ইচ্ছুক হয়। দেখা যাক কি ঘটেছিল..... |
| শিক্ষা দিন | • ঈশ্বর স্বপ্নেরমধ্যে ঈশ্বরের সাথে কথা বলেছিলেন এবং তাঁকে যেতে ও শৌলকে খুঁজতে বলেছিলেন। **(প্রেরিত ৯:১০-১২)** *আপনি কি মনে করেন অননিয় যেতে চেয়েছিল? কেন না?*<br>• অননিয় ভয় পেয়েছিল যে শৌল হয়ত তাকে গ্রেপ্তার করতে অথবা হত্যা করতে পারেন। ঈশ্বর তাকে চিন্তা করতে বারণ করেছিলেন যেহেতু তিনি শৌলকে এক বিশেষ কাজের জন্য মনোনীত করেছিলেন — যা ছিল সেই লোকদের ঈশ্বরের বিষয়ে বলা যারা আগে কখনও তাঁর কথ শোনে নি। **(প্রেরিত ৯:১৩-১৬)**<br>• অননিয় বাধ্য হয়েছিল এবং শৌলের কাছে গিয়েছিল। সে তাঁকে ভাই ডেকেছিল *(ব্যাখ্যা করুন কেন তারা ভাই ছিল)* এবং তাঁকে বলেছিল যে প্রভু যীশু তাকে পাঠিয়েছেন। সে শৌলের চোখের উপর তার হাত রেখেছিল যেন তিনি আবার দেখতে সক্ষম হন। শৌলও পবিত্র আত্মা দিয়ে পূর্ণ হয়েছিলেন। তিনি বাপ্তাইজিত হয়েছিলেন এবং কিছু খাবার খেয়েছিলেন। **(প্রেরিত ৯:১৭-১৯ক)** *অননিয়ের তাঁকে পরিদর্শন করার বিষয়ে শৌল কেমন অনুভব করেছিলেন?*<br>• শীঘ্রই শৌল দামাস্কাসে যীশুর অন্যান্য অনুগামীদের সাথে সাক্ষাত করেছিলেন। তৎক্ষণাৎ তিনি প্রভু যীশুর বিষয়ে প্রচার করতে শুরু করেছিলেন। *তাদের প্রতিক্রিয়াটি ব্যাখ্যা করুন যারা দামাস্কাসে শৌলের সাথে সাক্ষাত করেছিল। শৌল এরকম হবে বলে তারা আশা করে নি।*<br>• যিহুদীরা যারা শৌলের জীবনে পরিবর্তনের বিষয়ে শুনেছিল তারা বার্তাটি পছন্দ করে নি যা তিনি প্রচার করেছিলেন কাজেই তাঁরা তাঁকে হত্যা করার ষড়যন্ত্র করেছিল। রাতের বেলা একটা ঝুড়িতে করে দেয়াল বেয়ে নামিয়ে দেবার দ্বারা শৌলকে দামাস্কাস থেকে পালিয়ে যেতে হয়েছিল। **(প্রেরিত ৯:১৯-২৫)** *শৌলের জীবনে পরিবর্তন এবং এখন যে তিনি যীশুতে একজন বিশ্বাসী সেই পরিস্থিগুলির মধ্যে তুলনা করুন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — শৌলের মন পরিবর্তন |
| শিখুন | **প্রেরিত ৯:২০** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন |
| স্মরণে রাখুন | • কিভাবে ঈশ্বর অননিয়ের সাথে কথা বলেছিলেন?<br>• কেন অননিয় শৌলের কাছে যেতে ভয় পেয়েছিল?<br>• শৌলের নতুন কাজ কি হতে যাচ্ছিল?<br>• শৌলের চোখে কি ঘটেছিল যখন অননিয় তার হাত তার উপর রেখেছিল?<br>• অন্য কি দান শৌল পেয়েছিলেন যখন অননিয় তাঁর সাথে দেখা করতে এসেছিল?<br>• শৌল তৎক্ষণাৎ কি করতে শুরু করেছিলেন?<br>• কেন শৌলকে ঝুড়িতে করে পালাতে হয়েছিল?<br>• শৌলের যেমন হয়েছিল তেমন কিভাবে আমাদের জীবন সম্পূর্ণভাবে পরিবর্তন হতে পারে? |

# A১১ ১নং গল্প
# অন্তিয়খিয়ায় পৌল (শৌল) — ঈশ্বরের কাজে সাহায্য করার বিষয়ে এই গল্প

**আমরা শিখছি যে :**

- যে লোকেরা যীশুকে বিশ্বাস করে তাদের বলা হয় "খ্রীষ্টিয়ান"।
- আমাদের জন্য ঈশ্বরের এক বিশেষ পরিকল্পনা আছে যখন আমরা তাঁকে বিশ্বাস করি — তিনি চান আমরা যেন তাঁর সাহায্যকারী হই।

**মূল পদ : প্রেরিত ১১:২৬**
**বাইবেলের অংশ : প্রেরিত ১১:১৯-২৬**

## পরিচয় করান

- ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন বিভিন্ন পরিস্থিতিতে কিভাবে তারা সাহায্য করতে পারে — কিভাবে তোমরা তোমাদের শিক্ষক/শিক্ষিকাকে সাহায্য করতে পার? তোমার মা যদি অসুস্থ হন তবে বাড়ীতে সাহায্য করতে তুমি কি করতে পার?
- ব্যাখ্যা করুন যে আজকের গল্প দুইজন ব্যক্তির বিষয়ে যাঁরা একসাথে ঈশ্বরের কাজে সাহায্য করেছিলেন।

## শিক্ষা দিন

- যীশুর বিষয়ে শুভ সংবাদটি ছড়িয়ে যাচ্ছিল এবং ঈশ্বরের মণ্ডলী বৃদ্ধি পাচ্ছিল। কিছু বিশ্বাসীরা আন্তিয়খিয়া নামে একটা শহরে বাস করতে গিয়েছিল। সেখানে, তারা লোকদের কাছে শুভ সংবাদটি বলতে সক্ষম হয়েছিল যারা আগে কখনও শোনে নি এবং অনেকে প্রভু যীশুতে বিশ্বাস করেছিল। **(প্রেরিত ১১:১৯-২১)**
- আন্তিয়খিয়ায় যে মহান জিনিসগুলি ঘটে চলেছিল সেবিষয়ে শীঘ্রই যিরুশালেমের মণ্ডলী শুনেছিল। বিশ্বাসীরা কেমন অনুভব করেছিল? (উত্তেজিত হয়েছিল)। তারা আরও বেশী কিছু জানতে বার্ণবাস নামে এক ব্যক্তিকে পাঠাতে সিদ্ধান্ত নিয়েছিল। তিনি আন্তিয়খিয়া গিয়েছিলেন এবং সেখানে অনেক নতুন বিশ্বাসীদের দেখতে পেয়ে অত্যন্ত সন্তুষ্ট হয়েছিলেন। নতুন বিশ্বাসীদের শিক্ষা দিতে এবং প্রভু যীশুকে ভালবাসতে তাদের উৎসাহিত করতে বার্ণাবাসের যা করতে পারার ছিল তা করেছিলেন। **(প্রেরিত ১১:২২-২৪)** *বার্ণবাস কি ধরনের মানুষ ছিলেন?*
- আন্তিয়াখিয়ায় বার্ণাবাস এত ব্যস্ত হয়েছিলেন যে তাঁর একজন সাহায্যকারীর প্রয়োজন হয়েছিল। ঈশ্বর তাঁকে শৌলের কথা মনে করিয়ে দিয়েছিলেন যাঁর সাথে তাঁর কয়েক বছর আগে দেখা হয়েছিল। প্রভু যীশুর সাথে শৌলের সাক্ষাত হওয়ার পর, তিনি তার্ষতে ফিরে গিয়েছিলেন, সেই শহরে যেখানে তিনি জন্মেছিলেন। বার্ণবাস তার্ষ গিয়েছিলেন এবং কাজে তাঁকে সাহায্য করতে তিনি শৌলকে আন্তিয়খিয়ায় ফিরিয়ে এনেছিলেন। **(প্রেরিত ১১:২৫-২৬)**
- *ব্যাখ্যা করুন যে আন্তিয়খিয়া শৌল/পৌল এর জন্য এক গুরুত্বপূর্ণ জায়গা ছিল কারণ সেখানে তিনি মিশনারী হিসাবে তাঁর প্রথম কাজ শুরু করেছিলেন। এটা ছিল এক বিশেষ কাজ যা ঈশ্বর তাঁর জন্য পরিকল্পনা করেছিলেন। শৌল এবং বার্ণবাস পরবর্তী বছরটি আন্তিয়খিয়ায় কাটিয়েছিলেন, সেখানে বিশ্বাসীদের শিক্ষা দিচ্ছিলেন। সেই সময়টিতে, যীশু খ্রীষ্টে বিশ্বাসীদের প্রথম "খ্রীষ্টান" ডাকা হয়েছিল।* **(প্রেরিত ১১:২৬)**
- *আমরা যখন যীশুতে বিশ্বাস করি তখন আমরাও "খ্রীষ্টান" হই। আমরা তাঁর নাম ভাগ করে নিই। সব খ্রীষ্টানদের জন্য ঈশ্বরের এক বিশেষ পরিকল্পনা আছে, ঠিক যেমন তাঁর কাছে পৌলের জন্য ছিল। তিনি চান খ্রীষ্টানরা যেন তাঁর সাহায্যকারী হয়।*
- *খ্রীষ্টান হতে গেলে আমাদের কি করতে হবে?*
- *আমরা যদি খ্রীষ্টান হই, তবে কি উপায়ে ঈশ্বর আমাদের তাঁর সাহায্যকারী হিসাবে ব্যবহার করতে পারেন?*

**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**

## শিখুন

**হিতোপদেশ ৩:৫** — মূল পদটি শিক্ষা দিন এবং পোয়োজনে ব্যাখ্যা করুন।

## স্মরণে রাখুন

- কোন শহরে মণ্ডলী বৃদ্ধি পাচ্ছিল?
- যিরুশালেমের মানুষরা কাকে আন্তিয়খিয়ায় পাঠিয়েছিল?
- বার্ণবা আন্তিয়খিয়ায় কি করছিলেন?
- শীঘ্রই বার্ণবার কি প্রয়োজন হয়েছিল?
- বার্ণবা কাকে খুঁজতে গিয়েছিলেন?
- শৌল এবং বার্ণবা কতদিন আন্তিয়খিয়ায় কাটিয়েছিলেন?
- যারা যীশুতে বিশ্বাস করেছিল সেই লোকদের কি নাম দেওয়া হয়েছিল?
- শৌল কার কাজ করেছিলেন?

# A১১ ২নং গল্প
## কুপ্রতে পৌল/শৌল — প্রভু যীশুর বিষয়ে অন্যদের বলার বিষয়ে এই গল্প।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যীশুতে বিশ্বাস করার দ্বারা আমাদের সঠিক মনোনয়ন করা প্রয়োজন<br>• যীশুর বিষয়ে আমাদের অন্য লোককে বলা উচিত।<br><br>**মূল পদ : মথি ২৮:১৯**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ১৩:১-১২** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের জোড়া জোড়া করে কাজ করতে দিন এবং যীশুর বিষয়ে যতগুলি জিনিস সম্ভব ততগুলি চিন্তা করতে দিন।<br>• ব্যাখ্যা করুন যে আজকের গল্পটি পৌলের বিষয়ে (নামের পরিবর্তনটি উল্লেখ করুন)। বার্ণাবা এবং জন মার্ক, যীশুর বিষয়ে লোকদের বলেছিলেন। |
| শিক্ষা দিন | • একদিন খ্রীষ্টানরা আন্তিয়খিয়ায় একসাথে মিলিত হয়েছিল। পৌল ও বার্ণবা সেখানে ছিলেন। পবিত্র আত্মা অন্য নেতাদের কাছে পরিষ্কার করে দিয়েছিলেন যে বার্ণবা এবং পৌলকে ঈশ্বরের জন্য এক বিশেষ কাজ করতে হবে। এ বিষয়ে প্রার্থনা করার পর বার্ণবা, শৌল এবং জন মার্ক, যে ছিল বার্ণবার ভাইয়ের এক যুবক ছেলে, নৌকায় চড়ে কুপ্র নামে এক দ্বীপের দিকে রওনা দিয়েছিলেন। **(প্রেরিত ১৩:১-৪)**<br>• যখন তাঁরা পৌছলেন, তাঁরা চারিদিকে ঘুরে ঘুরে শুভ সংবাদ প্রচার করছিলেন। পাফ নামে একটা জায়গায় তাদের সাথে এক যাদুকরের দেখা হয়েছিল যে কুপ্রের রাজ্যপালের জন্য কাজ করত। রাজ্যপাল বার্ণবা এবং শৌলের বিষয়ে শুনেছিলেন এবং তিনি তাঁদের সাথে সাক্ষাত করতে চেয়েছিলেন। তিনি ঈশ্বরের বাক্য শুনেছিলেন কিন্তু ইলমা, যাদুকর, তাঁকে বিশ্বাস করা থেকে থামিয়ে রেখেছিল। **(প্রেরিত ১৩:৫-৮)**<br>• শৌল জানতেন যে যাদুকরটি দিয়াবলের কাজ করছিল। শৌল পবিত্র আত্মার শক্তিতে পূর্ণ ছিলেন। তিনি সোজা যাদুকরের দিকে তাকিয়েছিলেন এবং তাকে বলেছিলেন সে মন্দ কাজ করছিল এবং প্রভু তাকে অন্ধ করবেন। যেইমাত্র পৌল কথা বললেন, ইলমা অন্ধ হয়েগিয়েছিল এবং তাকে চালাতে কাউকে খুঁজবার জন্য তাকে চারিদিকে হাতড়ে বেড়িয়ে চেষ্টা করতে হয়েছিল। **(প্রেরিত ১৩:৯-১১)** *ব্যাখ্যা করুন প্রভু যীশুর বিরোধিতা করা ভুল কাজ।*<br>• রাজ্যপাল ঈশ্বরের শক্তির মহত্ব দেখেছিলেন এবং তিনি যীশুতে বিশ্বাস করেছিলেন। **(প্রেরিত ১৩:১২)**<br>• *পৌল, বার্ণবা, জন মার্ক এবং রাজ্যপাল যীশুতে বিশ্বাস করার দ্বারা সঠিক মনোনয়ন করেছিলেন। ইল্‌মা ভুলটি বেছে নিয়েছিল। যীশু চান আমরাও যেন তাঁকে বিশ্বাস করি।*<br>• *যীশুর বার্তাটি কেন একমাত্র বার্তা যা প্রকৃতই প্রয়োজন?*<br>• *আপনি কি কাউকে জানেন যিনি অন্য জায়গায় যীশুর বিষয়ে লোকদের বলেন।*<br>• *কিভাবে আপনি যীশুর বিষয়ে অন্য লোকদের বলতে পারেন?*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পৌল এবং বার্ণবা কুপ্রে যান। |
| শিখুন | **মথি ২৮:১৯** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। ব্যাখ্যা করুন যে এইগুলি তাঁর স্বর্গে ফিরে যাবার আগে যীশুর কথা। এটা ছিল ঈশ্বরের পরিকল্পনা যে প্রত্যেক জায়গার (সব দেশগুলি) লোকদের শুভ সংবাদ শোনা এবং তাঁকে বিশ্বাস করা উচিত। |
| স্মরণে রাখুন | • কে পৌল ও বার্ণবাকে এক বিশেষ কাজ করতে পাঠিয়েছিলেন?<br>• কে তাঁদের সাথে গিয়েছিল?<br>• কিভাবে তাঁরা যাত্রা করেছিলেন?<br>• তাঁরা যে দ্বীপে গিয়েছিলেন তার নাম কি ছিল?<br>• পাফ:-তে তাঁদের সাথে কার দেখা হয়েছিল?<br>• পাফ:-তে কোন ব্যক্তি যীশুতে বিশ্বাস করেছিলেন?<br>• যাদুকরের কি ঘটনা ঘটেছিল?<br>• আজকের মূল পদটিতে কে কথা বলেছিলেন? |

## A১১ ৩নং গল্প
## পৌলের সাথে লুদিয়ার সাক্ষাত — এই গল্পটা একজন মহিলার বিষয়ে যিনি প্রভু যীশুকে বিশ্বাস করেছিলেন।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যে কেউ প্রভু যীশুকে বিশ্বাস করে সে পরিত্রাণ পায়।<br>• আমরা যে কোন জায়গায় এবং যে কোন বিষয়ে ঈশ্বরের সাথে কথা বলতে পারি।<br><br>**মূল পদ : প্রেরিত ২:২১**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ১৬:৬-১৫** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের বলুন আপনাকে একটা সময়ের কথা বলতে যখন তারা অনেক দূরে যাত্রা করেছিল। তোমরা কোথায় গিয়েছিলে? তা তোমার কতদিন লেগেছিল? সেখানে তুমি কাকে দেখেছিলে?<br>• ছেলেমেয়েদের ব্যাখ্যা করুন যে আজকের গল্পটি পৌল এবং তাঁর বন্ধুদের একটি যাত্রায় যাওয়ার বিষয়ে। |
| শিক্ষা দিন | • পৌল এবং তাঁর দুই বন্ধু শীল ও তীমথিয় অনেক মাইল যাত্রা করেছিলেন, এক দেশ থেকে অন্য দেশে গিয়েছিলেন। পবিত্র আত্মা একেবারে ঠিক জায়গাটি দেখিয়ে দিয়েছিলেন যেখানে ঈশ্বর চেয়েছিলেন যে তারা যাবে। তাঁরা কোথায় গিয়েছিলেন তাতে কিছু এসে যায় নি, সেখানে প্রচুর লোক ছিল যাদের প্রভু যীশুর বিষয়ে শোনার প্রয়োজন ছিল। **(প্রেরিত ১৬:৬-৮)**<br>• শেষ পর্য্যন্ত তাঁরা এক সমুদ্রতীরে পৌঁছেছিলেন। সেই রাতে, পৌল এক বিশেষ ধরনের স্বপ্ন দেখেছিলেন যেখানে মাকিদনিয়া থেকে এক ব্যক্তি পৌলকে সেখানে যেতে এবং তার লোকদের সাহায্য করতে তাঁকে কাকুতি মিনতি করেছিল। পৌল জানতেন ঈশ্বর তাঁদের পরিষ্কার দেখাচ্ছিলেন পরবর্তীতে কোথায় তাঁদের যাওয়া উচিত। **(প্রেরিত ১৬:৯-১০)**<br>• *ব্যাখ্যা করুন যে ঈশ্বর চেয়েছিলেন সেখানকার লোকেরা যেন যীশুর বিষয় শোনে কাজেই তিনি পৌল ও তাঁর বন্ধুদের সেখানে পাঠিয়েছিলেন। আমরা কোথায় বাস করি এতে ঈশ্বরের কিছু এসে যায় না। তিনি চান প্রত্যেকে যেন তাঁর বিষয়ে শোনে।*<br>• শীঘ্রই তাঁরা সেখানে যাওয়ার জন্য একটা জাহাজ খুঁজে পেয়েছিলেন। তাঁরা ফিলিপী নামে একটা বড় শহরে শীঘ্র পৌঁছে গিয়েছিলেন। বিশ্রামবারে, পৌল ও তাঁর বন্ধুরা শহরের বাইরে নদীর ধারে গিয়েছিলেন। সেখানে তাঁরা কয়েকজন মহিলাকে খুঁজে পেয়েছিলেন যারা সেখানে প্রার্থনা করতে এসেছিল। **(প্রেরিত ১৬:১১-১৩)** *নদীর ধারে মহিলারা ঈশ্বরের কাছে প্রার্থনা করছিল। কোথায় আমরা ঈশ্বরের সাথে কথা বলতে পারি? (ছেলেমেয়েদের ব্যাখ্যা করুন যে আমরা যে কোন জায়গায় ঈশ্বরের সাথে কথা বলতে পারি।)*<br>• মহিলাদের মধ্যে একজন ছিলেন লুদিয়া। তিনি বেগুনী কাপড় বিক্রী করতেন। তিনি অনেকদিন ধরে ঈশ্বরে বিশ্বাস করেছিলেন কিন্তু তিনি ঈশ্বরের পুত্র, প্রভু যীশুর বিষয়ে কখনও শুনেন নাই। পৌল যা বলেছিলেন লুদিয়া তা সমস্তই মনোযোগ দিয়ে শুনেছিলেন। তিনি তাঁর হৃদয়ে জেনেছিলেন যে তিনি যা শুনেছিলেন তা ছিল সত্য এবং তিনি প্রভু যীশুতে বিশ্বাসী হয়েছিলেন। তিনি খুব খুশী হয়েছিলেন যে পৌল তাঁর শহরে এসেছিলেন। **(প্রেরিত ১৬:১৪-১৫)** লুদিয়ার পরিবারও খ্রীষ্টান হয়েছিল। তারা সকলে বাপ্তিস্ম নিয়েছিল এবং লুদিয়া পৌল ও তাঁর বন্ধুদের তাঁর বাড়ীতে থাকতে আমন্ত্রণ জানিয়েছিলেন।<br>• *কি বিষয়ে আমরা ঈশ্বরের সঙ্গে কথা বলতে পারি? (কিছু চিন্তাধারা নিয়ে আসতে ছেলেমেয়েদের সুযোগ দিন এবং তাদের কাছে ব্যাখ্যা করুন যে আমরা যে কোন বিষয়ে ঈশ্বরের সঙ্গে কথা বলতে পারি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পৌল ও শীল ফিলিপীতে যাত্রা করেন। |
| শিখুন | **প্রেরিত ২:২১** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। ব্যাখ্যা করুন যে প্রভুর নামে ডাকার অর্থ আমাদের পাপ থেকে আমাদের রক্ষা করতে তাঁকে বলা। এই গল্পটিতে লুদিয়া এটাই করেছিলেন। |
| স্মরণে রাখুন | • পৌলের বন্ধুদের মধ্যে একজনের নাম বলুন।<br>• তাঁরা কোথায় যাবেন এ ব্যাপারে ঈশ্বর যা চেয়েছিলেন তা কে তাঁদের দেখিয়েছিলেন?<br>• পৌলের স্বপ্নে কি হয়েছিল?<br>• পৌল ও তাঁর বন্ধুরা কিভাবে মাকিদনিয়ায় যাত্রা করেছিলেন?<br>• কোথায় মহিলাদের সাথে পৌল ও তাঁর বন্ধুদের সাক্ষাত হয়েছিল?<br>• তারা কি করছিল?<br>• লুদিয়ার কি কাজ ছিল?<br>• লুদিয়া যখন যীশুর বিষয় শুনেছিলেন তখন তিনি কি করেছিলেন? |

## A১১ ৪নং গল্প

## কারাগারে পৌল ও শীল — এই গল্পটা আরও লোকের বিষয় যারা পরিত্রাণ পেয়েছিল।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• পরিত্রাণ পেতে আমাদের অবশ্যই প্রভু যীশুতে বিশ্বাস করা উচিত।<br>• খ্রীষ্টানরা সুখী কারণ তাদের কাছে পরিত্রাতা হিসাবে যীশু আছেন।<br><br>**মূল পদ : প্রেরিত ১৬:৩১**<br>**বাইবেলের অংশ : প্রেরিত ১৬:১৬-৩৪** |
| পরিচয় করান | • যা ছেলেমেয়েদের খুশী করে তা তাদের আপনাকে বলতে বলুন।<br>• ছেলেমেয়েদের বলুন আজকের গল্পে কিছু সুখী ব্যক্তি রয়েছেন। কে সুখী তা খুঁজতে তাদের সতর্কতার সঙ্গে শুনতে বলুন — |
| শিক্ষা দিন | • এক দিন, পৌল ও সীল যখন ফিলিপীতে ছিলেন, তাঁরা একজন ক্রীতদাসীকে সাহায্য করেছিলেন। এতে তার কর্তারা প্রচণ্ড রেগে গিয়েছিল এবং পৌল ও সীলকে তারা বাজারে টেনে নিয়ে গিয়েছিল এবং তাদের বিষয়ে মিথ্যা বলেছিল। **(প্রেরিত ১৬:১৬-২১)**<br>• পৌল ও সীলকে মারা হয়েছিল এবং তাদের কারাগারে ঢোকানো হয়েছিল। কারারক্ষক তাদের শিকল দিয়ে বেধেছিলেন এবং তাদের পাগুলি বেড়ি নামে কাঠের ভারী জিনিসের মধ্যে আটকে রেখেছিল। **(প্রেরিত ১৬:২২-২৪)** *পৌল ও সীলের অনুভূতিটি সম্পর্কে তুমি কি আশা কর?*<br>• মাঝ রাতে, অন্য বন্দীরা পৌল ও সীলকে ঈশ্বরের উদ্দেশ্যে প্রার্থনা করতে ও আরাধনা গান গাইতে শুনতে পেয়েছিল। এমন কি যদিও মার খাওয়ার ফলে তার পিঠ ব্যাথা করছিল, তবুও তাঁরা ঈশ্বরের প্রশংসা করতে সক্ষম হয়েছিলেন। **(প্রেরিত ১৬:২৫)**<br>• হঠাৎ সেখানে আর একটা শব্দ হয়েছিল। প্রতিটি জিনিস ঘর্ঘর শব্দ করেছিল এবং নড়ছিল। দরজা খুলে গিয়েছিল এবং শিকলগুলি খুলে গিয়েছিল। সেটা ছিল এক ভূমিকম্প। **(প্রেরিত ১৬:২৬)**<br>• কারারক্ষক উঠেছিলেন এবং লক্ষ্য করেছিলেন যে কারাগারের সমস্ত দরজা খোলা। *তাঁর প্রথম চিন্তা কি হতে পারত? পৌল তাঁকে চিন্তা করতে বারণ করেছিলেন কারণ সমস্ত বন্দীরা তখনও সেখানে ছিল।* **(প্রেরিত ১৬:২৭-২৮)**<br>• জেলরক্ষক পৌলকে জিজ্ঞাসা করেছিলেন পরিত্রাণ পেতে তাঁর কি করা প্রয়োজন কারণ তিনি জানতেন যে তিনি একজন পাপী। পৌল উত্তর দিয়েছিলেন, "প্রভু যীশুতে বিশ্বাস করুন, তবে আপনি পরিত্রাণ পাবেন।" পৌল ও সীল কারারক্ষক এবং তাঁর পরিবারের কাছে ব্যাখ্যা করেছিলেন যে যীশু তাঁদের পাপের জন্য ক্রুশে মরেছিলেন। কারারক্ষক পৌল ও সীলকে বাড়ী নিয়ে গিয়েছিলেন, তাঁদের ক্ষত ধুয়ে দিয়েছিলেন এবং তাঁদের খেতে দিয়েছিলেন। এটা কারারক্ষক এবং তাঁর পরিবারের জন্য এক খুব খুশীর রাত ছিল কারণ তাঁরা সকলে যীশুতে বিশ্বাস করেছিলেন। **(প্রেরিত ১৬:২৯-৩৪)**<br>• *এই গল্পে কে খুশী ছিল? কেন তাঁরা খুশী হয়েছিলেন? (পৌল এবং সীল, কারারক্ষক এবং তাঁর পরিবারের বিষয়েও কথা বলতে ছেলেমেয়েদের উৎসাহ দিন। তাদের কাছে ব্যাখ্যা করুন যে এই লোকেরা খুশী হয়েছিলেন কারণ যীশু তাঁদের পরিত্রাণ দিয়েছিলেন।)*<br>• *ছেলেমেয়েদের কাছে ব্যাখ্যা করুন যে আমাদের পাপ থেকে পরিত্রাণ পাওয়া প্রয়োজন। আমাদের যীশুতে বিশ্বাস করা উচিত কারণ তিনি ঈশ্বরের পুত্র এবং আমাদের জন্য মরেছিলেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — কারাগারে পৌল ও সীল। |
| শিখুন | **আদিপুস্তক ১৮:১৪** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • পৌল ও সীল কাকে সাহায্য করেছিলেন?<br>• পৌল ও সীলের কি ঘটনা ঘটেছিল?<br>• মাঝরাতে পৌল ও সীল কি করেছিলেন?<br>• যখন তাঁরা গান গাইছিলেন তখন কি ঘটনা ঘটেছিল?<br>• ভূমিকম্পের পর কারারক্ষক কেন ভয় পেয়েছিলেন?<br>• কারারক্ষক পৌল ও সীলকে কি জিজ্ঞাসা করেছিলেন?<br>• পৌল ও সীল তাঁকে কি বলেছিলেন?<br>• সেই রাতে কারারক্ষক কি করেছিলেন?<br>• এই পাঠ থেকে আমরা কি শিখতে পারি? |

## A১২ ১নং গল্প
## সখরিয় ও ইলীশাবেত — এই গল্পটা ঈশ্বরের প্রার্থনার উত্তর দিবার বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর প্রার্থনার উত্তর দেন।<br>• প্রার্থনার উত্তর পাওয়া যায় ঈশ্বরের সময়ে, আমাদের সময়ে নয়।<br><br>**মূল পদ : লূক ১:১৩**<br>**বাইবেলের অংশ : লূক ১:৫-২৫** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের তাদের পরিবারের বিষয়ে জিজ্ঞাসা করুন। তাদের পরিবারে অথবা আত্মীয়ের পরিবারে শিশুদের বিষয়ে তাদের সাথে আলোচনা করুন। ছোট শিশুরা লোকদের খুশী করে।<br>• ছেলেমেয়েদের কোন কিছু জিনিসের কথা চিন্তা করতে বলুন যা তারা পছন্দ করে। তারা কি ব্যাখ্যা করতে পারে কেন তারা তা পছন্দ করে? আজকের গল্পে দম্পতিটি তেমনই কিছু একটু অনুভব করেছিলেন, তাঁরা একটা শিশু চেয়েছিলেন। |
| শিক্ষা দিন | • সখরিয় এবং ইলিশাবেত সত্যিই একটা শিশু পেতে ভালবাসতেন। যখন তাঁরা বৃদ্ধ হয়েছিলেন তখন তাঁদের অনেক বন্ধুদের ছোট পরিবার ছিল কিন্তু তাঁরা তখনও একাকী ছিলেন। তোমার কি মনে কর তাঁরা কেমন অনুভব করেছিলেন? কোন সন্তান না থাকার বিষয়ে সখরিয় এবং ইলিশাবেত কি হারিয়েছিলেন? তাদের নিজেদের প্রসঙ্গ/সংস্কৃতির উপর ভিত্তি করে ছেলেমেয়েরা পরামর্শ দিক। **(লূক ১:৫-৭)**<br>• এ বিষয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করতে তাঁরা সিদ্ধান্ত নিয়েছিলেন। তাঁরা জানতেন যে ঈশ্বর প্রার্থনার উত্তর দিতে পারেন! **(লূক ১:১৩)** *উল্লেখ করুন যে আমরা যে কোন সমস্যার বিষয়ে প্রার্থনা করতে পারি যা আমাদের থাকতে পারে।*<br>• ঈশ্বর তাঁদের প্রার্থনা শুনেছিলেন এবং সখরিয় যখন মন্দিরে কাজ করছিলেন তখন তাঁর সাথে দেখা করতে একজন স্বর্গদূতকে পাঠিয়েছিলেন। স্বর্গদূত যখন উপস্থিত হয়েছিলেন তখন সখরিয় কেমন অনুভব করেছিলেন বলে তোমাদের মনে হয়? স্বর্গদূত তাঁকে বলেছিলেন ভয় না পেতে এবং পরে শুভ সংবাদটি দিয়েছিলেন যে ইলিশাবেতের একটা ছেলে হবে আর তার নাম রাখবে যোহন। **(লূক ১:৮-১১)**<br>• সখরিয় সংবাদটি বিশ্বাস করতে পারেন নি যা তাঁকে বলা হয়েছিল। তিনি ভেবেছিলেন যে তিনি এবং ইলিশাবেত শিশু পেতে তাঁদের অনেক বয়স হয়েছিল। স্বর্গদূত বলেছিলেন যে যেহেতু তিনি ঈশ্বর থেকে আনা বার্তাটি বিশ্বাস করেন নি, সেজন্য তিনি কথা বলতে অসমর্থ হবেন যতদিন না তাদের শিশু জন্ম নেয়। **(লূক ১:১৮-২০)**<br>• *সখরিয়ের কাছ থেকে আমরা এক গুরুত্বপূর্ণ শিক্ষা পেতে পারি .... যখন আমরা প্রার্থনা করি আমাদের বিশ্বাস করা আবশ্যক যে ঈশ্বর আমাদের প্রার্থনার উত্তর দিবেন।*<br>• *কয়েকটি বিষয় চিন্তা কর যার জন্য আমরা আজ প্রার্থনা করতে পারি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — সখরিয়কে একটি ছেলের প্রতিজ্ঞা করা হয়। (P) যোহন বাপ্তাইজকের জন্ম (১) |
| শিখুন | **লূক ১:১৩** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • সখরিয়ের সাথে কার বিয়ে হয়েছিল?<br>• তাঁরা সত্যি কি চেয়েছিলেন?<br>• সখরিয় ও ইলিশাবেত কার কাছে প্রার্থনা করেছিলেন?<br>• কে সখরিয়ের সাথে মন্দিরে দেখা করতে এসেছিলেন?<br>• সখরিয় কেমন অনুভব করেছিলেন যখন স্বর্গদূত তাঁর কাছে উপস্থিত হয়েছিলেন?<br>• স্বর্গদূতের কাছ থেকে বার্তাটি কি ছিল?<br>• সখরিয়ের কি ঘটনা ঘটেছিল যেহেতু তিনি বার্তাটি বিশ্বাস করেন নি?<br>• আমরা যখন প্রার্থনা করি তখন কি গুরুত্বপূর্ণ জিনিস আমাদের করা উচিত? |

## A১২ ২নং গল্প

## মরিয়ম ও গাব্রিয়েল — এই গল্পটা ঈশ্বরের কথায় মরিয়মের বিশ্বাস করার বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• মরিয়ম স্বর্গদূতের বার্তাটি গ্রহণ করেছিল এমনকি যদিও তাঁর কাছে এটা অসম্ভব মনে হয়েছিল।<br>• ঈশ্বর সেই জিনিসগুলি করতে পারেন যা অসম্ভব মনে হয়।<br><br>**মূল পদ : লূক ১:৩৭**<br>**বাইবেলের অংশ : লূক ১:২৬-৩৮** |
| পরিচয় করান | গত সপ্তাহের গল্প স্বর্গদূতের বার্তার বিষয় যে সখরিয় ও ইলীশাবেতের একটা ছেলে হবে তা পুনরালোচনা করুন। এর অল্প কিছুদিন পর, ঈশ্বর আর একটা বিশেষ পরিদর্শন করতে স্বর্গদূতকে পাঠিয়েছিলেন। |
| শিক্ষা দিন | • মরিয়ম এবং ইলিশাবেতের মধ্যে পার্থক্য দেখান। মরিয়ম কেবল একজন যুবতী মেয়ে ছিল, যোষেফ নামে এক ব্যক্তির সাথে তার বিয়ে ঠিক হয়েছিল এবং নাসরত নামে একটা শহরে বাস করত। একদিন গাব্রিয়েল নামে একজন স্বর্গদূত তার সাথে দেখা করতে এসেছিলেন। **(লূক ১:২৬-২৭)** *ছেলেমেয়েদের বুঝতে সাহায্য করুন যে এটা একটা সাধারণ ঘটনা ছিল না এবং স্বাভাবিকভাবে মরিয়ম ভয় পেয়েছিল।*<br>• স্বর্গদূত তাকে ভয় না করতে বলেছিলেন। সে সতর্কতার সাথে শুনেছিল যখন গাব্রিয়েল তাকে বলেছিলেন যে তার একটা ছেলে হবে। মরিয়ম একটু হতভম্ব হয়েছিল, কারণ তখনও তার স্বামী হয় নি। স্বর্গদূত তাকে বলেছিলেন যে পবিত্র আত্মা ঈশ্বর তাকে এই বিশেষ শিশু দিবেন। সে তার নাম রাখবে যীশু। **(লূক ১:২৯-৩৪)**<br>• এ পর্য্যন্ত যত শিশু জন্মেছে তাদের যে কারও চেয়ে যীশু হবেন মহান। তিনি হবেন ঈশ্বরের পুত্র। এটা বোঝা হয়ত কঠিন হতে পারে কিন্তু স্বর্গদূত মরিয়মকে বলেছিলেন যে কোনকিছুই ঈশ্বরের পক্ষে অসম্ভব নয়। **(লূক ১:৩৫-৩৭)**<br>• মরিয়ম বার্তাটি বিশ্বাস করেছিল যা তাকে বলা হয়েছিল। ঈশ্বরের পুত্রকে জগতে পাঠাতে তাঁর মহান পরিকল্পনার অংশ হতে মরিয়ম ইচ্ছুক হয়েছিল। যীশুর জন্ম এক অপূর্ব আশ্চর্য্য ঘটনা হয়েছিল। **(লূক ১:৩৮)**<br>• *তোমাদের কি কখনও এমন কোনকিছু প্রতিজ্ঞা করা হয়েছিল যা বিশ্বাস করতে তোমরা কঠিন মনে করেছিলে?*<br>• *কেন তোমরা মনে কর যে মরিয়ম স্বর্গদূতকে বিশ্বাস করেছিল? ঈশ্বর চান আমরা প্রত্যকে যেন মরিয়মের মত একইভাবে তাঁকে বিশ্বাস করতে সক্ষম হই।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — একজন স্বর্গদূত মরিয়মকে পরিদর্শন করেন। |
| শিখুন | **গালাতীয় ২:২০** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। ছেলেমেয়েরা কি অন্য কয়েকটি "অসম্ভব" জিনিসের কথা মনে করতে পারে যা ঈশ্বর বাইবেলে করেছিলেন? এমন একজন ক্ষমতাশালী ঈশ্বর হওয়ার জন্য তাঁর প্রশংসা করুন। |
| স্মরণে রাখুন | • মরিয়ম কোথায় বাস করতেন?<br>• কার সাথে মরিয়মের বিয়ের ঠিক হয়েছিল?<br>• স্বর্গদূতের নাম কি ছিল যিনি মরিয়মের কাছে এসেছিলেন?<br>• স্বর্গদূতের কাছ থেকে বার্তাটি পেয়ে মরিয়ম কেন হতভম্ব হয়েছিল?<br>• কি উপায়ে শিশুটি বিশেষ শিশু হয়েছিল?<br>• বার্তাটির বিষয়ে মরিয়ম কি করেছিল?<br>• কিভাবে অনুসরণ করতে মরিয়ম একজন ভাল উদাহরণ?<br>• কি কি জিনিস ঈশ্বরের জন্য অসম্ভব? |

# A১২ ৩নং গল্প
## যোহনের জন্ম — ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি পূর্ণ হওয়ার বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর সখরিয় ও ইলিশাবেতের কাছে তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন।<br>• ঈশ্বর আমাদের কাছেও তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন।<br>**মূল পদ : লূক ১:৭৬**<br>**বাইবেলের অংশ : লূক ১:৫৭-৮০** |
| পরিচয় করান | • কয়েক মাস কথা বলতে সক্ষম না হওয়া কেমন হতে পারে তা আলোচনা করুন। ছেলেমেয়েদের মনে করিয়ে দিন যে সখরিয়ের সেই ঘটনাই ঘটেছিল যখন তিনি স্বর্গদূতের বার্তাটি বিশ্বাস করেন নি।<br>• বড়দিনের সকালে অথবা জন্মদিনের দিন যখন তোমরা একটা উপহার পাও যার জন্য তোমরা অপেক্ষা করছিলে তখন কি হয়? সখরিয় ও ইলিশাবেত তেমনই নিশ্চয়ই অনুভব করেছিলেন যখন তাঁদের ছোট্ট ছেলেটি জন্মেছিল ঠিক যেমন স্বর্গদূত প্রতিজ্ঞা করেছিলেন। এটা বিশেষ এক সময় ছিল। |
| শিক্ষা দিন | • শিশুটি যখন জন্মেছিল তখন পরিবারটি এবং তাদের প্রতিবাসীরা তার বাবার মত তার নাম সখরিয় রাখতে চেয়েছিল। ইলীশাবেত বলেছিলেন তার নাম হবে যোহন। **(লূক ১:৫৭-৬০)** *ইলীশাবেত কেন বলেছিলেন তাকে যোহন ডাকা হবে?*<br>• যখন সখরিয়কে ছেলেটির নামের বিষয়ে জিজ্ঞাসা করা হয়েছিল তখন তিনি লিখেছিলেন "তার নাম যোহন।" **(লূক ১:৬২-৬৩)**<br>• ঠিক সেই মুহূর্তে তিনি আবার কথা বলতে সক্ষম হয়েছিলেন। সখরিয় ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন এবং প্রশংসা করেছিলেন। কেন সখরিয় তা করেছিলেন? ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন, তিনি তাঁর ছেলের জন্মে আনন্দে পূর্ণ হয়েছিলেন এবং তিনি জানতেন যে ঈশ্বর শীঘ্রই আরও মহৎ জিনিসগুলি করবেন। প্রত্যেকে তাতে অবাক হয়ে গিয়েছিল যা তারা দেখেছিল। **(লূক ১:৬৪-৬৫)**<br>• *যোহন এক বিশেষ ছেলে ছিল। কেন? ছেলেমেয়েদের মনে করিয়ে দিন যে তার বাবা-মা তার জন্য অনেক বছর অপেক্ষা করেছিলেন কিন্তু এমন কি তার চেয়েও গুরুত্বপূর্ণ ছিল যে তিনি বড় হবেন প্রভু যীশুর আসার জন্য পথ প্রস্তুত করবেন।*<br>• *ঈশ্বর আমাদের কাছেও তাঁর প্রতিজ্ঞাগুলি রক্ষা করবেন। কয়েকটি প্রতিজ্ঞা উল্লেখ করুন যা তিনি বাইবেলে আমাদের জন্য করেছেন।*<br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — যোহন বাপ্তাইজক |
| শিখুন | **লূক ১:৭৬** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। ঈশ্বরের উদ্দেশ্যে সখরিয়ের প্রশংসার গানে তিনি যা বলেছিলেন এই পদটি যে তারই অংশ তা ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • ইলীশাবেতের স্বামী কে ছিলেন?<br>• কেন তিনি কথা বলতে সক্ষম ছিলেন না?<br>• প্রতিবাসীরা শিশুটির কি নাম রাখতে চেয়েছিল?<br>• সখরিয় ও ইলিশাবেত কেন তাকে যোহন ডেকেছিলেন?<br>• সখরিয় আবার কখন কথা বলতে সক্ষম হয়েছিলেন?<br>• যোহন কি বিশেষ কাজ করতেন?<br>**তৈরী করুন:** ছেলেমেয়েরা শিশু যোহনের জন্ম ঘোষনার এক ছোট্ট কার্ড তৈরী করতে পারে। |

# A১২ ৪নং গল্প
## যীশুর জন্ম — ঈশ্বরের তাঁর পুত্র দিবার বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যীশু ঈশ্বরের পুত্র যিনি আমাদের পরিত্রাতা হতে এসেছিলেন।<br>• প্রভু যীশুকে পাঠিয়ে তাঁর মহান ভালবাসার জন্য ঈশ্বরকে আমাদের ধন্যবাদ দেওয়া উচিত।<br>**মূল পদ : লূক ২:৭**<br>**বাইবেলের অংশ : লূক ২:১-৭** |
| পরিচয় করান | • শেষ মুহূর্তে কিভাবে পরিকল্পনাগুলি পরিবর্তন হয়ে যেতে পারে তা নিয়ে কথা বলুন। একটা উদাহরণ দিন যা আপনি যেখানে আছেন সেই প্রসঙ্গে প্রযোজ্য, তা হতে পারে ছেলেমেয়েদের অভিজ্ঞতা অথবা আপনার নিজের অভিজ্ঞতা থেকে নেওয়া।<br>• ব্যাখ্যা করুন যে সময় কাছে আসছিল যখন মরিয়মের শিশু জন্ম নিবে। এটা সহজতর হোত যদি শিশুটি নাসরতে জন্ম নিত, যেখানে যোষেফ ও মরিয়ম বাস করত, কিন্তু ..... |
| শিক্ষা দিন | • রোমীয় সম্রাট সব লোকদের জন্য একটি আদেশ দিয়েছিলেন তারা যেন সেই জায়গায় ফিরে আসে যেখানে তাদের জন্ম হয়েছিল যেন তাদের নাম তালিকাভুক্ত করা যায়। যোষেফ আর মরিয়মকে বেতলেহেমে যেতে হয়েছিল। **(লূক ২:১-৫)** *এটার দূরত্বের বিষয়ে কিছু ধারনা দিন — প্রায় ৮০ মাইল/৪ দিনের যাত্রা। এই লম্বা যাত্রাটি যাওয়া কিসের মত হতে পারত? (২য় স্তরের জন্য আপনি হয়ত যোগ করতে পারেন যে এটা ছিল শিশুটির জন্য সর্বদা ঈশ্বরের পরিকল্পনা যে সে বেতলেহমে জন্ম নিবে।)*<br>• যখন তারা পৌঁছল, শহরটি ভর্তি ছিল এবং তাঁরা থাকবার জন্য কোন জায়গা খুঁজে পায় নি। তখন সেই সময়টি ছিল যখন তাদের কাছে যে শিশুটির বিষয়ে প্রতিজ্ঞা করা হয়েছিল তার পৌঁছানোর সময় হয়ে গিয়েছিল। তাঁদের একটা জায়গায় বিশ্রাম নিতে হয়েছিল যেখানে পশুরা থাকত। **(লূক ২:৬-৭)**<br>• শিশু যীশু যখন জন্মেছিলেন, তাঁকে লম্বা কাপড়ে জড়িয়ে রাখা হয়েছিল যাকে কোনসময় বলা হোত জড়ানোর কাপড় এবং পশুদের খাবার পাত্রে বা যাবপাত্রে রাখা হয়েছিল। **(লূক ২:৬-৭)** *কেন যীশুকে জড়ানোর কাপড়ে জড়িয়ে এবং পশুদের খাবারের পাত্রে রাখা হয়েছিল? এমন একটা নীচতম জায়গায় জন্মানো শিশুটির মহানতার প্রশংসা করতে ছেলেমেয়েদের সাহায্য করুন। যেখানে আপনি বাস করেন সেই সংস্কৃতিতে শিশুর জন্মের সাথে আপনি তুলনা করতে পারেন।*<br>• যীশুর মত আর একটি শিশু কখনও জন্মায় নি। তিনি ঈশ্বরের পুত্র। তিনি স্বর্গ পরিত্যাগ করতে এবং আমাদের পাপ থেকে আমাদের উদ্ধার করতে এখানে পৃথিবীতে জন্ম নিতে তিনি ইচ্ছুক হয়েছিলেন। **(মথি ১:২১)**<br>• *আমাদের মনে রাখা উচিত যে এ সবই বড়দিনের বিষয় এবং পরিত্রাতাকে পাঠিয়ে তাঁর ভালবাসার জন্য আমাদের ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া উচিত।*<br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — যীশুর জন্ম, আরও পাওয়ার পয়েন্ট www.bibleforchildren/the birth of Jesus. |
| শিখুন | **লূক ২:৭** — মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • যোষেফের সাথে কার বিয়ে হয়েছিল?<br>• মরিয়ম ও যোষেফ কোথায় বাস করতেন?<br>• যোষেফ ও মরিয়ম কোথায় যাত্রা করেছিলেন?<br>• যোষেফ ও মরিয়ম কেন বেতলেহেমে ছিলেন?<br>• কেন তাঁরা এমন একটা জায়গায় বিশ্রাম নিচ্ছিলেন যেখানে পশুদের রাখা হয়েছিল?<br>• শিশু যীশু কিসের মধ্যে শুয়েছিলেন?<br>• কি যীশুকে বিশেষ করেছিল?<br>• কেন আমাদের পরিত্রাতার প্রয়োজন? |

# পাঠগুলিতে সাধারণ মান দিতে শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশ

## ১নং স্তরের পাঠগুলি
- প্রতি সপ্তাহের জন্য একটা পৃষ্ঠা (অথবা পুস্তিকায় দুইটা) যেখানে প্রধানতঃ রং করা এবং কয়েকটা শব্দ পূর্ণ করা আছে।
- প্রত্যেক সপ্তাহের জন্য দশ নম্বর ধার্য্য আছে যখন মাসটির জন্য সবচেয়ে বেশী ৪০ নম্বর।
- যে সব শিশুরা ১নং স্তরটি পায় তারা ভালভাবে পড়তে সক্ষম হবে আশা করা যায় না এবং আমরা আশা করি বাবা-মা/অভিভাবক/নেতারা তাদের সাহায্য করবেন।
- উত্তর প্রতি আমরা ২ নম্বর ধার্য্য করি এবং বাকীটা রং করার জন্য প্রতিটি পাঠের জন্য ১০ নম্বর।

## ২নং স্তরের পাঠগুলি :
- প্রতি সপ্তাহে ২টা পৃষ্ঠা (পুস্তিকায় ৪টা)
- গল্পটা পাঠের মধ্যেই দেওয়া আছে। ছাত্রছাত্রীদের পাঠটা থেকে বিভিন্ন শব্দগুলি খুঁজে বের করতে, কিছু রং করতে, মূল পদটি সম্পূর্ণ করতে, ইত্যাদি করতে হবে।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বর ধার্য্য করা আছে যখন মাসটির জন্য সবচেয়ে বেশী ৮০ নম্বর, যখন পাঠগুলি সম্পূর্ণ ঠিক।

## বাইবেলটাইম-এর সাধারণ মান করা

### মান দেওয়ার আভাস
শিক্ষক-শিক্ষিকাদের বলা হয়, প্রথমে :
- প্রতিটি পাঠ পরীক্ষা করতে এবং ঠিক বা ভুল উত্তরগুলির মান দিতে।
- প্রয়োজনীয় পয়েন্টগুলি পুরস্কৃত করতে যেমন নির্দেশ দেওয়া হয়েছিল।
- সর্বদা এক আলাদা রং দিয়ে মান দিতে, এবং ঠিক উত্তরে টিক দিতে।
- ঠিক উত্তরটি বসাতে, যেখানে প্রয়োজন এবং বানান ভুলগুলি ঠিক করতে, যদিও কোন নম্বর এগুলির জন্য বাদ দেওয়া হবে না।
- আংশিক ঠিক উত্তরের জন্য কম নম্বর দিতে।
- মাসটির জন্য মোট যোগ করতে এবং পিছনের পৃষ্ঠায় যোগান জায়গায় তা লিখতে।

মোটামুটি উদার হওয়া প্রয়োজন এবং ছাত্রছাত্রীদের বাইবেল অধ্যয়নে উৎসাহ দিতে যতটা সম্ভব ততটা করা প্রয়োজন। এটা সাহায্য করে যেখানে প্রতি মাসে শিক্ষক-শিক্ষিকাদের জন্য যখন সম্ভব তখন ছাত্রছাত্রীদের প্রতি উৎসাহজনক বাক্য লেখা এবং এটা করার জন্য পাঠটির পাতায় জায়গা দেওয়া আছে। ভাল রং করা, পরিষ্কার পরিচ্ছন্নতা, নম্বর পাওয়া, পাঠটির বিষয়ে ছাত্রছাত্রীর বোধশক্তি ইত্যাদিতে মন্তব্য করা যেতে পারে।

আমরা মন্তব্যগুলি যতটা সম্ভব আলাদা করতে চেষ্টা করি। প্রশ্ন, বক্তব্য, পর্য্যবেক্ষণ, উৎসাহদান ইত্যাদি বিভিন্নতা রক্ষা করতে ব্যবহার করা যেতে পারে। এতে প্রয়োজন চিন্তাধারনা, কিন্তু এটা গুরুত্বপূর্ণ যেন ছাত্রছাত্রীদের উৎসাহটি জাগিয়ে রাখা হয়। যদি একই মন্তব্য বা প্রশ্ন প্রত্যেক মাসে পুনর্বার দেওয়া হয়, তবে প্রভাবটা হারিয়ে যায়।

### ১নং স্তর
**সাধারণ মন্তব্যগুলি**

"এমি — তুমি এই পাঠগুলি শুরু করেছ জেনে আমি খুশী হয়েছি এবং আমি আশা করি তুমি এতে আনন্দ করবে। আমি তোমার রং করা ভালবাসি। তুমি কি স্কুলে যাও? সেবিষয়ে আমাকে বল। শীঘ্রই তোমার কাছ থেকে শোনার জন্য অপেক্ষা করে আছি।"

"বেশ করেছ, রাজীব। কি দারুন রং করেছ! লাইনের মধ্যে থাকা কি খুব কষ্টকর ছিল? আগের পাঠে তুমি সামান্য একটু রং করতে পার নি।"

**আত্মিক মন্তব্যগুলি**

"খুব ভাল, রমা। যায়ীর কত না খুশী ব্যক্তি হয়েছিলেন যখন যীশু তাকে সাহায্য করেছিলেন।"

"খুব ভাল উত্তর! যীশুর মারা যাওয়ার গল্পটা দুঃখের, কিন্তু খুশীর বিষয়টি হোল তিনি আবার উঠেছিলেন।"

### ২নং স্তর
**সাধারণ মন্তব্যগুলি**

"আবার ভাল উত্তর দিয়েছ, শ্যামলী — আমি নিশ্চিত যে তোমার শিক্ষক স্কুলে তোমার কাজে খুব সন্তুষ্ট।"

"আমি দেখছি যে শীঘ্রই তোমার জন্মদিন হবে, শোভন। তুমি কি বিশেষ কিছু করছ? তুমি যাই কর, দিনটি মজার হোক।"

"তুমি সত্যিই খুব কঠিন চেষ্টা করেছ। এখানে সামান্য কিছু ভুল রয়েছে। প্রত্যেকবার তোমার উত্তরগুলি পরীক্ষা করতে ভুলবে না।

**আত্মিক মন্তব্যগুলি**

"যাবপাত্রে শোয়ান শিশু যীশুকে তুমি যেভাবে রং করেছ তা আমার ভাল লেগেছে। আমাদের জন্য তাঁকে পৃথিবীতে পাঠিয়ে তিনি কি ভাল করেন নি?"

"আমি তোমার রং পছন্দ করি। ঈশ্বর যা বলেছিলেন তা বিশ্বাস না করার জন্য সখরিয়কে মূল্য দিতে হয়েছিল। তিনি আবার কখনও ঈশ্বরের বাক্যে সন্দেহ করেন নি।"

"অপূর্ব উত্তরগুলি। যে ব্যক্তি মরুভূমিতে ফিলিপের সাথে সাক্ষাত করেছিলেন তিনি প্রকৃতই খুশী হয়ে চলে গিয়েছিলেন। তিনি যীশুর বিষয়ে শুভ সংবাদটি শুনেছিলেন এবং বিশ্বাস করেছিলেন।"

bes INDIA
bible educational services

PO. BOX NO-9. MOOKANNUR.P.O. ANGAMALY, ERNAKULAM 683577
KERALA, E-mail:besindia1@gmail.com.
© Bible Educational Services 2019. **Visit www.besweb.com**